NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী







২ ‘প্রসাদ’ বিতরণে সংখ্যালঘু দোকানদারদের নাম ঘিরে বিতর্ক

পরের বছর আইএসএল আয়োজন নিয়ে অনিশ্চয়তা ৮

কলকাতা ২০ জুন ২০২৫ ৫ আষাঢ় ১৪৩২ শুক্রবার উনবিংশ বর্ষ ১১ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 20.06.2025, Vol.19, Issue No. 11, 8 Pages, Price 3.00

## মেরুকরণের লক্ষ্যে ঐক্যের ডাক শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** সিউড়ির জনসভা থেকে বৃহস্পতিবার রাজ্য-রাজনীতিতে বিস্ফোরণ ঘটালেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুধু শাসক দল নয়, আক্রমণের নিশানায় রাখলেন বামপন্থী ও তথাকথিত ‘সেকুলার’ রাজনীতিকেও। বক্তব্য জুড়ে একের পর এক ধর্মীয় এবং সামাজিক বার্তা ছুড়ে দিয়ে তিনি কার্যত সরাসরি ধর্মীয় মেরুকরণের ডাক দিলেন।

ভোট না দিলে ‘অভিশাপ’, এভাবেই বক্তৃতার শুরুতে ভোটদানে অনীহার বিরুদ্ধে কড়া বার্তা দিয়ে শুভেন্দু বলেন, ‘ভোট না দিলে, নিজের জীবনের ওপর দুঃখ কোর না। যদি ৫০ শতাংশের নীচে ভোট পড়ে, লাল পতাকা নিয়ে সিপিএম ফিরে আসবে। তারা বিপ্লব জিন্দাবাদ বলবে, আবার চালু হবে লাল সেলাম!’

শরিয়তি শাসনের আশঙ্কা নিয়ে এর পর আক্রমণ শানান তথাকথিত ধর্মনিরপেক্ষ রাজনীতির উদ্দেশে। বলেন, ‘এই ‘মকুয়া সেকু’ (সেকুলারদের ব্যঙ্গার্থক রূপ); এদের ধর্মে আমরা থাকব না। শরিয়ত আইন আসবে। যেখানে মেয়েরা মুখ ঢেকে থাকবে, বিউটি পার্লারে যাবে না, গান গাইবে না, ঢাক বাজাবে না, কাজ করবে না, শিখবে না। তা হলে এভাবে সমাজ চলবে কী করে?’

মেয়েদের স্বাধীনতা ও জীবনধারা প্রসঙ্গে তিনি বলেন, ‘যারা মেয়েদের মুখ দেখা, চাকরি করা, গান শোনা, ঢাক বাজানো এই সবের পক্ষে, সেই মেয়েদের যদি মুখ ঢেকে রাস্তায় বের হতে হয়, তা হলে লক্ষ্মীর ভাণ্ডারও বন্ধ হয়ে যাবে। মুখ ঢাকা পড়ে গেলে লক্ষ্মীর ভাণ্ডারও হবে না।’

সমগ্র বক্তৃতায় একাধিকবার ধর্মীয় আবেগকে ছুঁয়ে যান শুভেন্দু। সাফ বলেন, ‘এই লড়াই ধর্মের লড়াই। একজন মুসলমান নয়, গোটা গ্রাম এক হয়ে গিয়েছে। হিন্দুরা এখনও খণ্ডিত। বলছি, সবাই এক হও! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র- কেউ বাদ যাবে না। এক না হলে কেউ বাঁচবে না।’

■ এরপর ২-এর পাতায়



সিউড়িতে বিজেপির কর্মসূচিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

## বিক্ষোভের মুখে জুতো, সুকান্তর নালিশ বোসকে

**নিজস্ব প্রতিবেদন:** বজবজের হালদারপাড়ায় আক্রান্ত এক বিজেপি কর্মীর খোঁজখবর নিতে গিয়ে তীব্র বিক্ষোভের মুখে পড়লেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। শুধু বিক্ষোভই নয়, তাঁর দিকে জুতো ছোড়ার অভিযোগও উঠেছে। পরিস্থিতি এমন জায়গায় পৌঁছয় যে, অবশেষে পুলিশ ও র‍্যাফ মোতায়েন করতে হয়। সুকান্ত মজুমদার এদিন দুপুরে বজবজের হালদারপাড়ায় যান আক্রান্ত বিজেপি কর্মীর বাড়িতে। কিন্তু বেরোনোর সময়ই স্থানীয় বাসিন্দারা তাঁকে ঘিরে ধরেন। তাঁদের একটাই দাবি; ১০০ দিনের কাজের বকেয়া টাকা ফেরত চাই। সেই সঙ্গে ক্ষুব্ধ জনতা স্লোগান দিতে থাকেন, ‘চোর, চোর!’ এই উত্তেজনার মধ্যেই একাধিক জনের বিরুদ্ধে সুকান্ত মজুমদারের দিকে জুতো ছোড়ার অভিযোগ উঠেছে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে দ্রুত বজবজ থানার পুলিশ এবং র‍্যাফ মোতায়েন করা হয়। সাময়িকভাবে নিয়ন্ত্রণে আসে পরিস্থিতি। ঘটনার পর ক্ষুব্ধ সুকান্ত মজুমদার অভিযোগ করেন, ‘অশান্তি ছড়ানোর জন্য জেহাদিদের আনা হয়েছে। এটা কী গণতন্ত্র?’

তাঁর এই মন্তব্য ঘিরে শুরু হয়েছে নতুন বিতর্ক। তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ তীব্র প্রতিক্রিয়া জানিয়ে বলেন, ‘১০০ দিনের কাজ করেছেন, তা-ও টাকা পাচ্ছেন না। মানুষের তো ক্ষোভ থাকবেই। ধর্মের নামে ভেদাভেদ করতেই গিয়েছিলেন তিনি। তাই মানুষ প্রতিরোধ করেছে।’

বজবজের ঘটনাকে কেন্দ্র করে সন্ধ্যায় রাজ্যপালের কাছে নালিশ জানাতে যান সুকান্ত মজুমদার। পাশাপাশি, এই ঘটনার প্রসঙ্গ তিনি সংসদেও তোলার ইঙ্গিত দিয়েছেন। ঘটনাকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগনায় রাজনৈতিক উত্তেজনা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছে পুলিশ-প্রশাসন। এই ঘটনা প্রকাশ্যে আসতেই ক্ষোভপ্রকাশ করেছেন শুভেন্দু অধিকারী। এদিন সিউড়িতে নারী সম্মান যাত্রায় হাঁটতে হাঁটতে তিনি বলেন, ‘ডক্টর সুকান্ত মজুমদার একজন রাজনৈতিক ব্যক্তিত্ব বা মন্ত্রী নন।’



বজবজে আক্রান্ত বিজেপি কর্মীর পাশে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।



জলে ডুবেছে ট্রাক। বৃহস্পতিবার বর্ধমানে।

### বৃষ্টিতে তিন জেলায় বন্যা পরিস্থিতি

## জল ছাড়ছে ডিভিসিও

**নিজস্ব প্রতিবেদন:** টানা বৃষ্টিতে ফুঁসছে দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী, শিলাবতী, কংসাবতীর মতো নদীগুলো। যার জেরে বন্যা পরিস্থিতি রাজ্যের তিন জেলা; বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে। ভাঙল সেতু। রাস্তা-ঘরদোরও জলের তলায়। বিদ্যুতের তার ছিঁড়েও প্রাণ গিয়েছে এক প্রৌঢ়ার। অন্য দিকে, জল ছাড়তে শুরু করেছে ডিভিসি-ও। মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়া শুরু হয়েছে। মাইথন থেকে ২০ হাজার কিউসেক এবং পাঞ্চেত থেকে ১৭ হাজার কিউসেক জল ছাড়া হবে।

বাঁকুড়া জেলায় একদিকে যেমন বিষ্ণুপুর-আরামবাগ রাজ্য সড়কের মিল মোড় এলাকায় হাঁটু সমান জল উঠে এসেছে, অন্যদিকে আমোদর নদীর জল ঢুকে পড়েছে কোতুলপুর-জয়রামবাটি সড়কে। একইসঙ্গে আমোদর নদীর জলস্ফীতিতে বিচ্ছিন্ন হয়ে পড়েছে মা সারদার পবিত্র জন্মভূমি জয়রামবাটির মাতৃমন্দির। কোতুলপুর-জয়রামবাটি রাস্তায় কোথাও কোমর, কোথাও গলা সমান জল। প্রশাসন বাধ্য হয়ে রাস্তা বন্ধ করে দিয়েছে, মোতায়েন করা হয়েছে পুলিশ। ফলে তীর্থযাত্রী ও স্থানীয় মানুষের যাতায়াত সম্পূর্ণ বন্ধ।

মিল মোড়ে কোতুলপুরের কাছে রাস্তার উপর দিয়ে জল বইতে থাকায় সেই ব্যস্ত সড়কে দুর্ঘটনার আশঙ্কা ক্রমেই বাড়ছে। যাত্রীবাহী বাস, পণ্যবাহী লরি, বাইক চালকরা বাধ্য হয়ে জীবনের ঝুঁকি নিয়ে যাতায়াত চালিয়ে যাচ্ছেন। স্থানীয়দের অভিযোগ, প্রতি বর্ষাতেই এই অবস্থা হয়, কিন্তু সড়কের নিকাশি সমস্যা মেটাতে প্রশাসনের কোনো উদ্যোগ নেই।

দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকতেই নিম্নচাপের জেরে মঙ্গলবার থেকে বৃষ্টি শুরু হয় বাঁকুড়ায় । মঙ্গলবার বিকেল থেকে শুরু হওয়া লাগাতার বৃষ্টিতে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বাঁকুড়ায়। নদীগুলিতে জলস্তর বৃদ্ধি পাওয়ায় ইতিমধ্যেই বহু সেতু জলের তলায় চলে গিয়েছে। জলে ডুবেছে একাধিক রাজ্য সড়কও। নদীর জলে প্লাবিত হয়েছে বাঁকুড়ার তালড্যাংরা ব্লকের একাধিক গ্রাম। বিপর্যয়ের আশঙ্কায় বৃহস্পতিবার মোট পাঁচটি অস্থায়ী ত্রাণশিবিরে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে দুর্গতদের।

বুধবার থেকেই ফুঁসতে শুরু করে বাঁকুড়ার উপর দিয়ে যাওয়া থাকা দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী, শিলাবতী, কংসাবতী, ভৈরোবাঁকি-সহ বিভিন্ন নদী। গন্ধেশ্বরীর জলস্তর বেড়ে জলের তলায় চলে গিয়েছে মানকানালি সেতু। একই ভাবে শিলাবতীতে জলস্তর বেড়ে গিয়ে সিমলাপালের সেতুও জলের তলায়। এর ফলে বাঁকুড়া-ঝাড়গ্রাম রাজ্য সড়কে যান চলাচল বন্ধ। বৃহস্পতিবার সকালে সিমলাপাল সেতুতে আটকে পড়ে তিনটি ট্রাক। ট্রাকে যাঁরা আটকে পড়েছিলেন, তাঁদের স্থানীয়েরা উদ্ধার করেন। শিলাবতী নদীর জলে প্লাবিত হয়েছে ভেলাইডিহা সেতুও। আমোদর নদের জলে প্লাবিত হয়েছে কোতুলপুর থেকে জয়রামবাটি যাওয়ার রাস্তা।

পূর্ব বর্ধমানের গলসি থানার গোহগ্রামে, দামোদর নদে বেআইনিভাবে বালি তুলতে গিয়ে ভয়াবহ বিপর্যয়ের মুখে পড়েছে একাধিক লরি। বুধবার রাতে নদীর ঘাটে দাঁড়িয়ে থাকা ১৫টির বেশি লরি ডুবে যায় জলস্তর হঠাৎ বেড়ে যাওয়ায়। একটি লরি মাঝপথে আটকে যাওয়ায় তার পিছনে দাঁড়িয়ে

■ এরপর ২-এর পাতায়

### নবান্নে জরুরি বৈঠক

■ নিম্নচাপজনিত ভারী বৃষ্টি ও ডিভিসির জলছাড়ার ফলে দক্ষিণবঙ্গের একাধিক জেলা প্লাবিত হওয়ায় গোটা পরিস্থিতির উপর নজর রাখছে রাজ্য সরকার। বৃহস্পতিবার সন্ধ্যায় নবান্ন থেকে মুখ্যসচিব মনোজ পন্থ ভিডিয়ো কনফারেন্সে বৈঠক করেন বাঁকুড়া, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর-সহ বেশ কয়েকটিও জেলার জেলাশাসকদের সঙ্গে। সূত্রের খবর, জেলা প্রশাসনকে প্লাবিত অঞ্চলগুলি দ্রুত পরিদর্শন করে ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব। পাশাপাশি বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে, যাতে প্রয়োজনে দ্রুত ত্রাণ পৌঁছানো যায়। যথেষ্ট ত্রাণ সামগ্রী ও ত্রিপল মজুত রাখারও নির্দেশ দেওয়া হয়েছে। বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও হুগলি জেলায় ক্ষয়ক্ষতি নির্ধারণে রাজ্য সরকারের তরফে বিশেষ দল পাঠানো হবে বলেও প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।


## সংঘাত সপ্তমেই, তবু আজ জেনেভায় বৈঠকে তেহরান

**তেহরান, ১৯ জুন:** যুদ্ধের রক্তচক্ষুর মধ্যেই এবার চাপে পড়ে কার্যত নতিস্বীকারের ইঙ্গিত ইরানের! ইউরোপের তিন দেশের সঙ্গে শুক্রবার জেনেভায় বৈঠকে বসতে রাজি হয়েছে ইরান।

ব্রিটেন, ফ্রান্স, জার্মানির প্রতিনিধিদের সঙ্গে শুক্রবার বৈঠকে বসবেন বলে জানিয়েছেন ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাকচি। তাঁকে উদ্ধৃত করে এই খবর প্রকাশ করেছে ইরানের সরকারি সংবাদমাধ্যম। আরাকচি এ-ও জানিয়েছেন, এই তিন দেশের অনুরোধে জেনেভায় বৈঠকে বসবেন তিনি। সেই বৈঠকে থাকবেন ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ কূটনীতিকও। ইরান এই বৈঠকে রাজি হওয়ার পরেই জল্পনা, তবে কি আমেরিকা, ইজরায়েল-সহ পশ্চিমের দেশগুলির চাপে নত হতে চলেছে ইরান! ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কর্মসূচিতে কি ইতি টানতে চলেছে তারা, সেই নিয়েও উঠেছে প্রশ্ন।

অন্যদিকে, ইরান-ইজরায়েল সংঘাত সপ্তম দিন ছাড়িয়ে গিয়েছে। বৃহস্পতিবার সকালে ইরানের আর এক পরমাণুকেন্দ্রে হামলা চালিয়েছে ইজরায়েল। প্রত্যুত্তরে এ বার ইজরায়েলের দিকেও ধেয়ে আসে একের পর এক ক্ষেপণাস্ত্র। হামলা চালানো হয়েছে দক্ষিণ ইজরায়েলের হাসপাতালে। বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, ওই ঘটনায় এখনও পর্যন্ত অন্তত ৬৫ জন জখম হয়েছেন।

প্রসঙ্গত, আগামী সপ্তাহেই ইরান-ইজরায়েল সংঘাতের এসপার-ওসপার হয়ে যাবে বলে ‘ডেডলাইন’ বেঁধে দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পের মধ্যস্থতার চেষ্টা রুখতে এবার ইরানের পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি সাফ জানিয়েছেন,



তেহরানের ইউরেনিয়াম সমৃদ্ধিকরণে সাহায্য চালিয়ে যাবে মস্কো। পুতিনের কথায়, রাশিয়ার কাছে আর অন্য কোনও সাহায্য চায়নি তেহরান। তবে ইরান-ইজরায়েল সংঘাত থামাতে মধ্যস্থতা করতে তৈরি মস্কো। ইরান-ইজরায়েল যুদ্ধে আমেরিকা যেন ভুলেও নাক না গলায়। ওয়াশিংটনকে স্পষ্টভাবে হুঁশিয়ারি দিয়েছে রাশিয়া। বৃহস্পতিবারই ক্রেমলিন জানিয়েছিল, পরমাণু বোমা তৈরিতে তারা তেহরানের পাশে থাকবে। তারপরেই সোজাসুজি আমেরিকাকে বার্তা দিল রাশিয়া। তাদের মতে, যেভাবে ইরানের উপর হামলা হচ্ছে তাতে সমগ্র পৃথিবীই এক বড়সড় বিপর্যয়ের দিকে এগিয়ে যাবে।

বৃহস্পতিবার সকালে ইরানের আরাক পরমাণুকেন্দ্র লক্ষ্য করে হামলা চালায় ইজরায়েলি বাহিনী। এর পর থেকেই ইজরায়েলের বিরুদ্ধে লাগাতার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা শুরু করে ইরান। ইজরায়েলের দক্ষিণে বেরশেবা শহরের অন্যতম প্রধান হাসপাতাল ‘সোরোকা’য় হামলা চালিয়েছে ইরান। সংবাদমাধ্যম আল জাজিরা সূত্রে খবর, হামলা হয়েছে তেল আভিভের স্টক এক্সচেঞ্জ বহুতলেও। এ ছাড়াও, দেশের ঠিক মধ্যভাগে জনবসতি লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে দাবি করেছেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তিনি বলেন, ‘সকালে ইরানের সন্ত্রাসবাদী স্বৈরাচারীরা বেরশেবার সোরোকা হাসপাতাল লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছুড়েছে। হামলা হয়েছে লোকালয় লক্ষ্য করেও। ওদের থেকে পাই-পয়সার হিসাব বুঝে নেব। তেহরানকে এর মূল্য চোকাতেই হবে।’ ইজরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইজরায়েল কাট্‌জও একই সুরে বলেছেন, ‘ইরানকে এর পরিণাম ভুগতে হবে।’ ইজরায়েল যে এত সহজে মাথা নোয়াবে না, তার ইঙ্গিত দিয়েছে সে দেশের বিদেশ মন্ত্রকও।যদিও ইরানের সংবাদ সংস্থা আইএনআরএ-র দাবি, বৃহস্পতিবার সকালে ইজরায়েলি সেনার কমান্ড অ্যান্ড ইন্টেলিজেন্স-এর (আইডিএফ সিআই) সদর দপ্তরে হামলা চালিয়েছে ইরানি বাহিনী।

সূত্রের খবর, সুইৎজারল্যান্ডের জেনেভায় ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ কূটনীতিক কাজা কাল্লাসের সঙ্গে বৈঠকে বসবেন ব্রিটেন, ফ্রান্স, জার্মানির প্রতিনিধিরা। তার পরেই তাঁরা ইরানের বিদেশমন্ত্রী আরাকচির সঙ্গে বৈঠকে বসতে পারেন। শুক্রবারের বৈঠকে ইরানকে কি সেই আলোচনার টেবিলেই নিয়ে আসতে চলেছে ইউরোপীয় ইউনিয়ন ও তার তিন দেশ, সে দিকেই থাকবে নজর।

## নির্বিঘ্নেই ভোটগ্রহণ

**নিজস্ব প্রতিবেদন:** কালীগঞ্জের উপনির্বাচনের শুরু থেকেই বুথে বুথে চলে অশান্তি। একাধিক বুথে বিরোধী দলের এজেন্টদের বসতে বাধা দেওয়ার অভিযোগ শাসকদলের বিরুদ্ধে। যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। ১৭৭ নম্বর বুথে আবার ইভিএম বিকল বলে অভিযোগ প্রাক্তন বাম বিধায়কের। সব মিলিয়ে বিক্ষিপ্ত অশান্তির মাঝেই কালীগঞ্জে সম্পন্ন হয়েছে ভোটগ্রহণ। নির্বাচনের দিন সকাল সকাল তৃণমূল প্রার্থী আলিফা আহমেদ মীরা বালিকা বিদ্যালয়ে নিজের ভোট নিজে দিয়ে জানান, তিনি জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী। অন্যদিকে, কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের বিজেপি প্রার্থী আশীষ ঘোষ তার ভোট দিতে

■ এরপর ২-এর পাতায়

## নন্দীগ্রামে বিস্ফোরণে রক্তাক্ত বৃদ্ধা, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিবেদন:** বিস্ফোরণে কেঁপে উঠল নন্দীগ্রামের জলপাই গ্রামের এক প্রান্ত। কালীচরণপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ওই এলাকার একটি বাড়ির পিছনে পড়ে থাকা পাটের সুতোর বল জাতীয় একটি বস্তু তুলতে গিয়েই ঘটে বিপত্তি। ৬৬ বছর বয়সি নিহারি দাস অধিকারী মুহূর্তে লুটিয়ে পড়েন রক্তাক্ত অবস্থায়। স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, বিস্ফোরণের প্রকৃতি ও উৎস নির্ধারণে ফরেন্সিক টিম নামানো হচ্ছে। এদিকে আতঙ্কে দিন কাটাচ্ছেন এলাকাবাসী। গ্রামে বাড়ানো হয়েছে পুলিশি নজরদারি।

প্রথমে তাঁকে তড়িঘড়ি নন্দীগ্রাম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর অবস্থার অবনতি হলে স্থানান্তরিত করা হয় তমলুক মেডিক্যাল কলেজ হাসপাতালে। সূত্রের খবর, তাঁর শরীরের একাধিক অংশে গুরুতর আঘাত লেগেছে। এই বিস্ফোরণ ঘিরে রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পুলিশ ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে। প্রশ্ন উঠছে;পরিত্যক্ত জমিতে কীভাবে এল বোমা? সেই বিস্ফোরক কী ধরনের? আর এর পিছনে কারা? এই ঘটনায় প্রবল রাজনৈতিক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিজেপির তরফে তোলা হয়েছে তীব্র অভিযোগ।

তমলুক সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক প্রলয় পাল বলেন, ‘সমবায় নির্বাচনের জন্য তৃণমূলই এলাকায় বোমা মজুত করেছিল। নন্দীগ্রাম বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ঘাঁটি; তৃণমূল বিজেপিকে ফাঁসাতে চাইছে। ওদের রাজনীতি মানেই বোমা আর বন্দুকের উপর নির্ভরশীলতা।’

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস এই অভিযোগকে সম্পূর্ণ ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছে। দলের পক্ষ থেকে পাল্টা দাবি,‘নন্দীগ্রাম থেকে বিজেপি ক্রমে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। তাই ইচ্ছে করেই এলাকায় অশান্তি ছড়ানোর চেষ্টা করছে ওরাই। এই ঘটনার সঙ্গে তৃণমূলের কোনও যোগ নেই।’

### ফিরলেন মোদি

■ ত্রিদেশীয় সফর শেষে নয়াদিল্লিতে ফিরেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর দপ্তর এই বিষয়ে জানিয়েছে। তাদের তরফে জানানো হয়েছে, সাইপ্রাস, কানাডা এবং ক্রোয়েশিয়া তিন দেশের সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়াদিল্লিতে পৌঁছেছেন। উল্লেখ্য, ত্রিদেশীয় সফরে গিয়েছিলেন প্রধানমন্ত্রী মোদী। ভূমধ্যসাগরীয় দ্বীপরাষ্ট্র সাইপ্রাস হয়ে কানাডায় জি-৭ সম্মেলনে যোগ দেন তিনি।

### ইডির অভিযান

■ ২০২৩ সালে বিহারের পুলিশ কনস্টেবল পরীক্ষায় দুর্নীতির অভিযোগ সামনে আসে। আর তারই তদন্তে কলকাতা পর্যন্ত পৌঁছে গেলেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকেরা। তদন্তে সকাল থেকে অভিযান চালায় তারা। সূত্রে খবর, দেশের মোট চার রাজ্যে এই ঘটনায় তল্লাশি অভিযান চালানো হয়েছে তাদের তরফ থেকে। এই তালিকায় রয়েছে শহর কলকাতাও।

### নজিরবিহীন

■ পশ্চিমবঙ্গ বিধানসভায় বৃহস্পতিবার তৈরি হল নজিরবিহীন পরিস্থিতি। বিক্রয় কর সংশোধনী বিল নিয়ে আলোচনার মাঝপথে বেরিয়ে যাওয়ায় বিজেপির দুই বিধায়ক অশোক লাহিড়ী ও অম্বিকা রায়ের বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার নির্দেশ দিলেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। বিধানসভার সাম্প্রতিক ইতিহাসে এমন সিদ্ধান্ত কার্যত প্রথম বলেই মনে করছেন পর্যবেক্ষকরা।

### দিল্লিতে অভিজিৎ

■ শারীরিক অবস্থার আরও অবনতি হওয়ায় তমলুকের বিজেপি সাংসদ, অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে দিল্লি নিয়ে যাওয়া হয়েছে। আরও উন্নত চিকিৎসার প্রাক্তন বিচারপতি অভিজিতকে সেখানকার এমইস হাসপাতালে ভর্তি করানো হবে। বিজেপি সূত্রে খবর, অভিজিতের যা শারীরিক পরিস্থিতি, তাতে এইমসে ভর্তি করা হলে তিনি আরও উন্নত চিকিৎসা পরিষেবা পাবেন বলে মনে করছেন দলের কেন্দ্রীয় নেতৃত্ব।

### পদপিষ্ট-আইন

■ পদপিষ্ট কাণ্ড থেকে শিক্ষা! ভিড় নিয়ন্ত্রণ সংক্রান্ত কঠোর আইন আনতে চলেছে কর্নাটক সরকার। রাজ্য বিধানসভায় এই বিলের একটি প্রস্তাবনা পেশ করেছে কর্নাটক সরকার। বৃহস্পতিবার সংসদ বিষয়কমন্ত্রী এইচ কে পাটিল জানান, মন্ত্রিসভার পরবর্তী বৈঠকে এনিয়ে বিশদে আলোচনা করা হতে পারে। বিল অনুযায়ী, কোনও ইভেন্ট আয়োজন করার আগে প্রশাসনের কাছে অনুমতি নিতে হবে।

### ত্রুটিহীন

■ কোনও যান্ত্রিক ত্রুটি ছিল না ৭৮৭-৮ ড্রিমলাইনার বিমানের। তা যথাযথ নিরীক্ষণ করা হয়েছিল জুনেই। এমনটাই দাবি এয়ার ইন্ডিয়া সিইও ক্যাম্পবেল উইলসনের। তিনি জানিয়েছেন, আবার ডিসেম্বরে বিমানটির পরীক্ষা হওয়ার কথা ছিল। লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার বিমানের দুর্ঘটনায় ২৪২ জন যাত্রীর মধ্যে ২৪১ জনই মৃত। তারপর থেকেই প্রশ্ন উঠেছে, ঠিক কী কারণে ঘটেছিল দুর্ঘটনা।

### পাক-বিবৃতি

■ বুধবার আমেরিকার স্থানীয় সময় বেলা ১টায় হোয়াইট হাউসের ক্যাবিনেট রুমে মুনিরের সঙ্গে রুদ্ধদ্বার সাক্ষাৎপর্ব সেরেছেন ট্রাম্প। ঘটনাচক্রে, তার আগেই মার্কিন প্রেসিডেন্ট দাবি করেছিলেন, তিনিই ভারত-পাকিস্তানের মধ্যে যুদ্ধ থামিয়েছেন। ট্রাম্পের মধ্যাহ্নভোজের আমন্ত্রণেই তিনি গিয়েছিলেন। সেখানে দু’জনের মধ্যে বাণিজ্য, যুদ্ধ-সহ নানা বিষয় নিয়েই আলোচনা হয়েছে।

### রায় ঘোষণা

■ এসএসসি গ্রুপ সি এবং গ্রুপ ডি চাকরিপ্রার্থীদের ভাতা দেওয়া নিয়ে রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্ট। শুক্রবার রায় ঘোষণা করবেন বিচারপতি অমৃতা সিংহ। এসএসসির চাকরিহারা গ্রুপ সি কর্মীদের মাসে ২৫ হাজার টাকা এবং গ্রুপ ডি কর্মীদের মাসে ২০ হাজার টাকা করে ভাতা দেওয়ার যে সিদ্ধান্ত রাজ্য সরকার নিয়েছিল তাকে চ্যালেঞ্জ করে মামলা দায়ের হয় হাইকোর্টে।

একদিন

আমার শহর

কলকাতা ২০ জুন ২০২৫, ৫ আষাঢ় ১৪৩২ শুক্রবার

## এক নজরে

### প্রয়াত প্রফুল্ল রায়

■ প্রয়াত হলেন সাহিত্যিক প্রফুল্ল রায়। শ্বাসকষ্টজনিত সমস্যা দেখা দিয়েছিল তাঁর। বৃহস্পতিবার দুপুরে একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালীন বয়স ছিল ৯০ বছর। অবিভক্ত ভারতের বিক্রমপুরে ১৯৩৪ সালের ১১ সেপ্টেম্বর জন্ম নেন প্রফুল্ল রায়। দেশভাগের পর ১৯৫০ সালে তিনি চলে আসেন স্বাধীন ভারতে। কলকাতাই হয়ে ওঠে তাঁর নতুন ঠিকানা। এ দেশে এলেও দেশভাগের যন্ত্রণা তাঁকে ছাড়েনি। তাঁরই লেখা কালজয়ী উপন্যাস ‘কেয়াপাতার নৌকো’ আজও প্রাসঙ্গিক। ‘ক্রান্তিকাল’-এর জন্য ২০০৩ সালে সাহিত্য আকাদেমি পুরস্কার, ‘শরৎস্মৃতি’, পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড-এর ‘লাইফ টাইম অ্যাচিভমেন্ট’, বঙ্কিম পুরস্কারের মতো এক জীবনে বহু পুরস্কার পেয়েছেন এই লেখক।

### হাইব্রিড মাছ চাষে ‘না’

■ রাজ্যে মাগুর-সহ সমস্ত হাইব্রিড প্রজাতির মাছের চাষ নিষিদ্ধ করেছে রাজ্য সরকার। বৃহস্পতিবার বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে একথা জানিয়েছেন মৎস্যমন্ত্রী বিপ্লব রায় চৌধুরী। তিনি বলেন, ‘এই ধরনের মাছ স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। উৎপাদন ও বিক্রি বন্ধে জন প্রতিনিধিদের সচেতনতা বাড়াতে হবে।’ মন্ত্রী জানান, বিলুপ্তপ্রায় ৩৩টি দেশি প্রজাতির মাছ সংরক্ষণের জন্য ‘অভয় পুকুর’ প্রকল্প নেওয়া হয়েছে। আলিপুরদুয়ার, মালদা, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া ও দক্ষিণ ২৪ পরগনার সরকারি জলাশয়ে ১৮ লক্ষ টাকা ব্যয়ে ৬টি ইউনিট গড়া হয়েছে। আগামী বছরে আরও ১২টি ইউনিট স্থাপন হবে।

### ডেঙ্গুর প্রকোপ হ্রাস

■ রাজ্যে ডেঙ্গুর প্রকোপ আগের তুলনায় অনেকটাই কমেছে বলে দাবি করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। বৃহস্পতিবার বিধানসভায় তিনি জানান, ‘২০২৩ সালের তুলনায় চলতি বছরে ডেঙ্গু ৪০ শতাংশ কমেছে। আগের মতো আর মহামারির চেহারা নিচ্ছে না।’ মন্ত্রী বলেন, ‘বর্তমানে রাজ্যে ৬,৯১৬ জন সদস্য বিশিষ্ট ডেঙ্গু প্রতিরোধ বাহিনী কাজ করছে। শহরাঞ্চলে সচেতনতা বাড়ায় ডেঙ্গির সংক্রমণ অনেকটাই নিয়ন্ত্রণে এসেছে। কলকাতায় এখনও সেভাবে ডেঙ্গি দেখা যায়নি। আমরা ইরিগেশন দপ্তরের সঙ্গে একাধিক দফায় বৈঠক করেছি যাতে ক্যানেলগুলি কার্যকর থাকে।’

### ‘প্রোমোটিং’ নেই

■ খিদিরপুর বাজার-সহ সাম্প্রতিক একাধিক অগ্নিকাণ্ডের সঙ্গে প্রমোটিংয়ের কোনও যোগ নেই বলে পরিষ্কার জানিয়ে দিল রাজ্য সরকার। মঙ্গলবার বিধানসভায় রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানান, ‘বেশ কয়েকটি বড় অগ্নিকাণ্ডের জন্য মূলত অপরিকল্পিত নগরায়ণ এবং সচেতনতার অভাবই দায়ী।’ তিনি বলেন, ‘কলকাতায় যেসব জায়গায় অগ্নিকাণ্ড ঘটেছে, সেখান থেকে এখনও পর্যন্ত কোথাও এই অভিযোগ আসেনি যে প্রোমোটিং হয়েছে। বরং ওইসব ক্ষেত্রে আমাদের সরকারকে ক্ষতিগ্রস্তদের জন্য ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের ব্যবস্থা করতে হচ্ছে।’ মন্ত্রী আরও জানান, অগ্নিকাণ্ড রুখতে একটি কমিটি গঠন করা হয়েছে তাঁর নেতৃত্বে। এই কমিটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রটোকল বা এসওপি তৈরি করবে, যা প্রতিটি পুরসভা ও দমকল দপ্তরের জন্য বাধ্যতামূলক করা হবে।

### পর্যটনের বিকাশে নজর

■ পর্যটনের বিকাশকে পাখির চোখ করেছে রাজ্য সরকার। ফলে শুধুমাত্র প্রতিবেশী রাজ্য নয় ভিনদেশী পর্যটকদের কাছেও পর্যটনের নতুন গন্তব্যের নাম পশ্চিমবঙ্গ। রাজ্যে বিদেশি পর্যটকের পদার্পণ উত্তরোত্তর বাড়ছে। নজির বিহীনভাবে পর্যটন বিকাশে রাজ্যের এই কর্মকাণ্ডের প্রশংসা করেছে বিরোধীরাও। বৃহস্পতিবার বিধানসভায় রাজ্যের পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন জানান, চলতি বছরে এখনও পর্যন্ত রাজ্যে বিদেশি পর্যটকের সংখ্যা ২৭ লক্ষ। ইউরোপ এবং আমেরিকা থেকে বিপুল সংখ্যক পর্যটক এসেছেন এ রাজ্যে।

# ওবিসি নিয়ে স্থগিতাদেশের পরেও কলেজে ভর্তির পোর্টাল চালু, হাইকোর্টে মামলা দায়ের

**নিজস্ব প্রতিবেদন:** ওবিসি সংরক্ষণ নিয়ে আরও বড় বিড়ম্বনায় রাজ্য সরকার। বৃহস্পতিবার কলেজে ভর্তির পোর্টালের বিরুদ্ধে আবেদন জানিয়ে আদালতের দৃষ্টি আকর্ষণ করলেন ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলার মূল আবেদনকারীর আইনজীবী বিক্রম বন্দ্যোপাধ্যায়। মামলাকারীর বক্তব্য, ওবিসি সংরক্ষণ নিয়ে গত মঙ্গলবারই হাই কোর্ট স্থগিতাদেশ দিয়েছে। তা সত্ত্বেও রাজ্যের কলেজগুলিতে ভর্তির অনলাইন পোর্টাল চালু রাখা হয়েছে। শুধু তাই নয়, পোর্টালে ওবিসি ‘এ’ এবং ওবিসি ‘বি’ ক্যাটেগরিরও উল্লেখ রয়েছে। আবার রাজ্যের জারি করা নতুন বিজ্ঞপ্তি বলা হয়েছে, সব শ্রেণিকে ভর্তির সুযোগ দেওয়া হয়েছে। আর এখানেই যত কান্ড! যাবতীয় প্রশ্ন! এরই প্রেক্ষিতে আদালত অবমাননার মামলা দায়ের হল কলকাতা হাই কোর্টে। আবেদনকারীর অভিযোগ, ওবিসি সংরক্ষণ নিয়ে হাই কোর্টের স্থগিতাদেশ অবমাননা করে এই পোর্টাল চালানো হচ্ছে। বৃহস্পতিবারের



এই মামলায় রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর এবং মুখ্যসচিবকে পক্ষভুক্ত করা হয়েছে।

প্রসঙ্গত, গত মঙ্গলবারই শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এই পোর্টালের সূচনা করেন। আর মঙ্গলবারই এই ওবিসি সংরক্ষণ ইস্যুতে হাইকোর্টে বড় ধাক্কা খেয়েছিল রাজ্য। নতুন করে জারি করা বিজ্ঞপ্তির উপরেও স্থগিতাদেশ দেওয়া হয়েছে। এবার তার সঙ্গে যোগ হল আদালত অবমাননার মামলা। এদিকে, ওবিসি মামলার জটে আটকে রয়েছে ভর্তি থেকে নিয়োগ প্রক্রিয়া। তারই মধ্যে অন্তর্বতী স্থগিতাদেশ দেয় হাইকোর্ট। রাজ্যর বিরুদ্ধে অভিযোগ, এই স্থগিতাদেশ আদালতের তরফ থেকে দেওয়ার পরও চালু রাজ্যের কলেজগুলিতে ভর্তির অনলাইন পোর্টাল। পোর্টালে ওবিসি-এ এবং ওবিসি-বি ক্যাটেগরির উল্লেখ রয়েছে। রাজ্যের জারি করা নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী সব শ্রেণিকে ভর্তির সুযোগ দেওয়া হয়েছে সেখানে। আর এখানেই উঠেছে প্রশ্ন। এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, ২০১০ সালের পরবর্তী রাজ্যের দেওয়া সব ওবিসি সার্টিফিকেট বাতিল করা হয়েছিল আগেই। এ ব্যাপারে রাজ্যকেও নতুন তালিকাও প্রকাশ করার কথা বলা হয়েছিল। অভিযোগ, রাজ্য এখনও নতুন নিয়ম মেনে তালিকা প্রস্তুত করেনি।

# কলকাতা পুরসভার নিয়োগ বিজ্ঞপ্তি নিয়ে নির্দেশ কোর্টের

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা পুরসভার নিয়োগ বিজ্ঞপ্তি নিয়ে বৃহস্পতিবার বড় নির্দেশ দিতে দেখা গেল হাইকোর্টকে। ওবিসি তালিকা বাতিলের পর কলকাতা পুরসভার নিয়োগ বিজ্ঞপ্তি নিয়ে শুরু হয় বিতর্ক। কারণ,২০১০ সালের পর ইস্যু করা সব ওবিসি সার্টিফিকেট বাতিল করেছিল বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ। এরপরও কীভাবে কলকাতা পুরসভায় নিয়োগ প্রক্রিয়া চলছে তা নিয়ে প্রশ্ন তোলে বিচারপতি কৌশিক চন্দের বেঞ্চ। এই ঘটনায় বিচারপতি কৌশিক চন্দর পর্যবেক্ষণ, দুই দপ্তর নিজেদের বাঁচাতে একে অপরের উপর দায় চাপাচ্ছে। এরপরই আদালত পূর্বের দেওয়া কলকাতা পুরসভার নিয়োগের বিজ্ঞপ্তি বাতিল করে। পাশাপাশি ২০১০ সালের আগের ওবিসিদের নিয়ে নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরু করারও নির্দেশ দেয়। বৃহস্পতিবার




শুনানির সময় বিচারপতি কৌশিক চন্দ স্পষ্টতই জানান, ‘কোনও নিয়োগ, কোনও ভর্তি অযথা বন্ধ রাখার প্রয়োজন নেই।’ এরপর পুরসভার আইনজীবীকে উদ্দেশ্য করে বিচারপতি কৌশিক চন্দ স্পষ্ট করে দেন, ‘৬৬ টি সম্প্রদায়কে নিয়ে এবং ৭ শতাংশ সংরক্ষণ নীতি মেনে কাজ করতে হরবে।’ এরপরই নির্দেশ দেন, ‘এই মুহূর্তে পুরসভার সাব-অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করতে হবে। ওবিসি মামলায় ডিভিশন বেঞ্চের নির্দেশ মেনে ৬৬ টি সম্প্রদায়কে নিয়ে শুরু করতে হবে এই নিয়োগ প্রক্রিয়া।’ অর্থাৎ, এবার নতুন করে কলকাতা পুরসভা শূন্য পদের পরিসংখ্যান দিয়ে পুর ও নগরোন্নয়ন দপ্তরের কাছে তাদের তালিকা পাঠাবে। সেই তালিকা বিবেচনা করে সাতদিনের মধ্যে অনুমতি দেবে দপ্তর। এদিকে আদালত সূত্রে খবর এদিন, আদালতের নির্দেশে ভার্চুয়ালি হাজিরা দেন কলকাতা পুরসভার কমিশনার এবং মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের চেয়ারম্যান।

# গুরুতর অসুস্থ সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়, দিল্লিতে স্থানান্তর



**নিজস্ব প্রতিবেদন:** বিগত পাঁচদিন ধরে শারীরিক অবস্থার বিশেষ উন্নতি হয়নি বিজেপি সাংসদ ও কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। তমলুকের এই নবনির্বাচিত সাংসদকে বর্তমানে দক্ষিণ কলকাতার এক বেসরকারি হাসপাতালের আইসিইউ-তে কঠোর নজরদারিতে রাখা হয়েছিল। তাঁর শারীরিক পরিস্থিতি এখনও সঙ্কটজনক বলেই জানিয়েছেন চিকিৎসকেরা। গত শনিবার, ১৪ জুন, পেটের তীব্র যন্ত্রণা এবং ঘন ঘন বমির সমস্যা নিয়ে তাঁকে আলিপুরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। এরপর থেকে চিকিৎসার পরও উল্লেখযোগ্য কোনও অগ্রগতি লক্ষ্য করা যায়নি। বিভিন্ন ধরনের শারীরিক পরীক্ষা-নিরীক্ষার পর জানা যায়, অভিজিৎ গঙ্গোপাধ্যায় অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিসে আক্রান্ত। পাশাপাশি তাঁর শরীরে গ্যাসট্রোইনটেস্টিনাল সেপসিসের সমস্যাও ধরা পড়েছে, যা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। এই পরিস্থিতিতে, চিকিৎসার মান আরও উন্নত করার লক্ষ্যে তাঁকে এয়ার অ্যাম্বুল্যান্সে করে বৃহস্পতিবার দিল্লির এইমস-এ স্থানান্তরিত করা হল। ৬৩ বছর বয়সি এই সাংসদের জীবনরক্ষার্থে সর্বোচ্চ চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে বলেই জানা গিয়েছে হাসপাতাল সূত্রে।

এর আগে গত ১৬ জুন অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের শারীরিক অবস্থার খবর জানতে হাসপাতালে যান বিজেপির রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার, রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং।

পাশাপাশি, বিজেপির একাধিক নেতা-কর্মীও প্রতিনিয়ত তাঁর শারীরিক পরিস্থিতি নিয়ে খোঁজখবর নিচ্ছেন।

## গারুলিয়া-কান্ডের প্রতিবাদ

# নোয়াপাড়া থানা ঘেরাওয়ের ডাক বিজেপি নেতা অর্জুনের

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের দিকে দিকে অশান্তি অব্যাহত। মুর্শিদাবাদ থেকে শুরু করে মহেশতলা। এবার অশান্তি আছড়ে পড়লো নোয়াপাড়া থানার গারুলিয়ায়। অভিযোগ, গারুলিয়া পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের লেনিন নগর মাঠ এলাকায় বুধবার রাতে হামলার ঘটনা ঘটেছে। বাড়ি ও দোকানে ইঁট, পাথর ছুঁড়ে ভাঙচুর করা হয়েছে। হামলায় আহতের সংখ্যা একাধিক। উত্তেজনা থানায় লেনিন নগরে পুলিশ পিকেট পদক্ষেপের দাবিও করেন তিনি। এদিকে বৃহস্পতিবার বেলায় ঘটনাস্থল পরিদর্শনে যাচ্ছিলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা অর্জুন সিং। সঙ্গে ছিলেন বিজেপির ব্যারাকপুর জেলার সভাপতি মনোজ বন্দ্যোপাধ্যায়, জেলার সম্পাদক কুন্দন সিং-সহ অন্যান্যরা। ঘোষপাড়া রোডের ইছাপুর স্টোর বাজার থেকে লেনিন নগর উদ্দেশ্যে রওনা দিতেই প্রাক্তন সাংসদের পথ আটকায় জগদ্দলের চলে ধস্তাধস্তি। পুলিশি বাধা পেয়ে ঘটনাস্থলে দাঁড়িয়েই অর্জুন সিং শুক্রবার নোয়াপাড়া থানা ঘেরাওয়ের ডাক দেন। এরপর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ বলেন, ‘১৬৩ ধারা জারি না থাকা সত্ত্বেও পুলিশ তাদেরকে বলপূর্বক আটকেছে। কিন্তু পুলিশ তাদের পথ আটকে ঠিক কাজ করেনি।’ তাঁর দাবি, ‘বঙ্গের পুলিশ পুরো চটিচাটা। তৃণমূলের দলদাস হয়ে কাজ করছে।’ বিজেপি নেতার



বসানো হয়েছে। ওইদিন রাতেই নিজের এক্স হ্যান্ডেল থেকে হামলার ছবি-সহ পোষ্ট করেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। তিনি লিখেছেন,‘হামলাকারীদের বিরুদ্ধে পুলিশ কোনও পদক্ষেপ নেবে না। কারণ, হামলাকারীরা মমতা বন্দ্যোপাধ্যায়ের সম্পদ এবং ভোট ব্যাঙ্ক।’ হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে প্রশাসনের তরফে কড়া এসিপি বিশ্বজিৎ পাত্রের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী। যদিও পুলিশের বাধা সরিয়ে জোর করে ঘটনাস্থলে যাওয়ার চেষ্টা করেন অর্জুন সিং ও মনোজ বন্দ্যোপাধ্যায়রা। কিন্তু পুলিশ কিছুতেই এগোতে দেয়নি বিজেপি নেতাদের। সেখানেই উভয় পক্ষের মধ্যে তুমুল ধস্তাধস্তি বেধে যায়। প্রায় আধ ঘণ্টা ধরে উভয় পক্ষের মধ্যে অভিযোগ, ‘আগে হিন্দিভাষী হিন্দুদের ওপর আঘাত করা হচ্ছিল। এখন বাঙালি হিন্দুদের ওপর আক্রমণ করা হচ্ছে। সনাতনীরা মার খাচ্ছে। আর পুলিশ দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছে। এই তো বাংলার পুলিশের হাল।’ তাঁর দাবি, ‘২০২৬ সালে বাংলায় ‘দলদাস’ পুলিশের হাল খুব খারাপ হবে। পাশাপাশি জেহাদিদের দৌরাত্ম্যও শেষ হবে।’

# বিহারে কনস্টেবল পরীক্ষায় দুর্নীতি, তিলোত্তমায় তদন্ত অভিযান ইডির

**নিজস্ব প্রতিবেদন:** ২০২৩ সালে বিহারের পুলিশ কনস্টেবল পরীক্ষায় দুর্নীতি অভিযোগ সামনে আসে। আর তারই তদন্তে কলকাতা পর্যন্ত পৌঁছে গেলেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকেরা। তদন্তে সকাল থেকে অভিযান চালাল তারা। ইডি সূত্রে খবর, দেশের মোট চার রাজ্যে এই ঘটনায় তল্লাশি অভিযান চালানো হয়েছে তাদের তরফে। এই তালিকায় রয়েছে শহর কলকাতাও। এদিন সাতসকালে ইডি আধিকারিকরা হানা দেয় পটনা, নালন্দা, রাঁচি, লখনউ ও কলকাতার মোট ১১টি জায়গায়।

প্রসঙ্গত, ২০২৪ সালে নিট অর্থাৎ মেডিক্যালের প্রবেশিকা পরীক্ষাতে যারা জালিয়াতির পিছনে মূল মাথা হিসেবে ছিল তারাই রয়েছে ২০২৩ সালে বিহারের পুলিশ কনস্টেবল নিয়োগ দুর্নীতিতেও। ২০২৩-এ কনস্টেবল নিয়োগ পরীক্ষা হঠাৎ-ই মাঝপথে বাতিল হয়ে যায়। কারণ, পরীক্ষায় বৈদ্যুতিক যন্ত্রের ব্যবহার করে করা হয়েছিল টুকলি। পরীক্ষা শুরুর আগেই নাকি ফাঁস হয়ে গিয়েছিল প্রশ্ন।

পরবর্তীতে এই ঘটনায় মোট ১৫০ জন গ্রেপ্তার করে পুলিশ। একাংশের অভিযোগ, ৩০ থেকে ৫০ লক্ষ টাকার বিনিময়ে সেই প্রশ্নপত্র প্রতারকদের হাতে তুলে দেন কিছু পরীক্ষক।

# সরকারি হাসপাতালের অগ্নিনিরাপত্তা নিয়ে রাজ্যকে তুলোধোনা করলেন সুকান্ত

**নিজস্ব প্রতিবেদন:** ‘এটা অবহেলা নয়, রাষ্ট্রীয় অপরাধ’। মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর জবাবদিহি চেয়ে এক সরকারি প্রতিবেদন ঘিরে তীব্র উদ্বেগ প্রকাশ করলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তাঁর বক্তব্য, ‘উত্তর ২৪ পরগনার বেশিরভাগ সরকারি হাসপাতালে অগ্নিনিরাপত্তা ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। নেই কোনও অগ্নিনির্বাপণ পরিকাঠামো, নেই জরুরি প্রস্থানের নকশা, এমনকি নেই ফায়ার নো-অবজেকশন সার্টিফিকেট (এনওসি)। অথচ সেখানে প্রতিদিন হাজার হাজার রোগী চিকিৎসাধীন।’ সুকান্তবাবুর অভিযোগ, ‘এটা শুধুমাত্র অবহেলা নয়, এটি এক চূড়ান্ত প্রশাসনিক ব্যর্থতা। আজ যদি কোনও সরকারি হাসপাতালে আগুন লাগে, তার দায় নেবে কে?’ তিনি প্রশ্ন তোলেন, ‘যেখানে কোটি কোটি টাকা অন্যত্র খরচ হচ্ছে, সেখানে কেন হাসপাতালের মত গুরুত্বপূর্ণ



স্থানে ন্যূনতম অগ্নিনিরাপত্তার ব্যবস্থা করা হয়নি?’ তাঁর দাবি, এটি জনস্বাস্থ্যের পরিকাঠামোকে পুরোপুরি ভেঙে পড়ার স্পষ্ট প্রমাণ। সবশেষে তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, ‘এটা শুধুমাত্র অগ্নিনিরাপত্তার প্রশ্ন নয়, এটা গোটা স্বাস্থ্যব্যবস্থা ধ্বংসের প্রতিচ্ছবি। যদি আজই দায়ীদের জবাবদিহি নিশ্চিত না করা হয়, তা হলে আগামী দিনগুলিতে এটা কেবল নীতিগত ব্যর্থতা নয়, এ এক রাষ্ট্র অনুমোদিত গণহত্যা হয়ে দাঁড়াবে। লজ্জা!’

# যান্ত্রিক ত্রুটি, দমদমে উড়তে পারল না একাধিক বিমান

**নিজস্ব প্রতিবেদন:** আমেদাবাদ-কাণ্ডের জের। বৃহস্পতিবার দমদম বিমানবন্দরেও দুটি বিমান যান্ত্রিক ত্রুটির কারণে উড়তে পারল না। সূত্রে খবর,এদিন ভোর ৬ টা ৫৫ মিনিটে ১৫৫ জন যাত্রী নিয়ে কলকাতা থেকে শিলচরের উদ্দেশে রওনা দেওয়ার জন্য কথা ছিল বিমানটির। ট্যাক্সিওয়ে থেকে রানওয়ের দিকে যাওয়ার পথে পাইলট যান্ত্রিক ত্রুটির কথা জানান এয়ার ট্রাফিক কন্ট্রোলকে। এরপর বিমানটিকে ফের ট্যাক্সি বে ৪৮ এ পার্কিংয়ে ফেরত পাঠিয়ে দেওয়া হয়। প্রায় ঘণ্টা খানেক পর বিমানটি শিলচরের উদ্দেশে রওনা দেয়। অন্যদিকে কলকাতা থেকে আগরতলাগামী ইন্ডিগো বিমানেও যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। আগরতলা উদ্দেশে ৬ ই ৬০৬৮ ইন্ডিগো বিমানটি যাত্রীদের নিয়ে রানওয়ে দিকে এগোনোর সময়, পাইলট এটিসি-কে জানায় বিমানে যান্ত্রিক ত্রুটি দেখা দিয়েছে। সঙ্গে সঙ্গে এটিসির সবুজ সংকেত দেওয়ার পরে রানওয়ে থেকে বিমান ঘুরিয়ে বে-তে আনা হয়।

এর পাশাপাশি দিল্লি থেকে লেহগামী ইন্ডিগোর ৬ ই ২০০৬ বিমানটিও দেখা যায় যান্ত্রিক গোলযোগ। বিমানে ১৮০ জন যাত্রী ও ক্রু ছিলেন। লেহ-র উদ্দেশে রওনা দিতেই বিমানে যান্ত্রিক সমস্যা ধরা পড়ে। দ্রুত বিমান ঘুরিয়ে দিল্লিতে এমার্জেন্সি ল্যান্ডিং করানো হয়। এই ঘটনায় কোনও যাত্রী আহত হননি বলেই খবর।

অন্যদিকে, স্পাইসজেটের হায়দরাবাদ থেকে তিরুপতিগামী বিমানেও যান্ত্রিক গোলযোগ দেখা যায়। বিমান টেক অফের ১০ মিনিটের মধ্যেই নজরে আসে সমস্যা। দ্রুত বিমানটি ঘুরিয়ে ফের হায়দরাবাদেই অবতরণ করা হয়। ওই বিমানে ৮০ জন যাত্রী ছিলেন বলে জানা গেছে। এদিকে সূত্রে খবর, আহমেদাবাদের বিমান দুর্ঘটনা এবং একের পর এক বিমানে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ার পর আন্তর্জাতিক ফ্লাইট নিয়ে বড় সিদ্ধান্ত নিয়েছে এয়ার ইন্ডিয়া। এই সিদ্ধান্তে জানানো হয়েছে, আগামী ২০ জুন থেকে জুলাই মাসের মাঝামাঝি পর্যন্ত আন্তর্জাতিক ফ্লাইট ১৫ শতাংশ বন্ধ রাখা হবে।

# লক্ষ্য ভিড় নিয়ন্ত্রণ: বিক্রেতামুক্ত হবে দমদম, বিধাননগর স্টেশন

**নিজস্ব প্রতিবেদন:** দমদম ও বিধাননগরের মতো গুরুত্বপূর্ণ শহরতলি স্টেশনে যাত্রী নিরাপত্তা ও যানজট নিয়ন্ত্রণে বিশেষ উদ্যোগ নিচ্ছে শিয়ালদা বিভাগ। শিয়ালদা বিভাগের ডিআরএম রাজীব সাক্সেনার নেতৃত্বে দুই স্টেশনের রিয়েল-টাইম ভিড় পর্যবেক্ষণ করে নেওয়া হচ্ছে একাধিক পদক্ষেপ। প্রথমত, ভিড় সামলাতে বিধাননগরকে সম্পূর্ণ বিক্রেতামুক্ত স্টেশন হিসেবে গড়ে তোলা হবে, যাতে যাত্রী চলাচলের জায়গা বাড়ানো যায়। দ্বিতীয়ত, দমদম স্টেশনে নতুন টিকিট বুকিং অফিস চালুর পরিকল্পনা রয়েছে, যা আরপিএফ ব্যারাকের পাশে দ্বিতীয়



প্রবেশপথে গড়ে তোলা হবে। মেট্রোর কমলা ও হলুদ লাইন চালু হওয়ায় দমদম ক্যান্টনমেন্টকে নতুন পরিবহণ হাব হিসাবে গড়ে তোলার সম্ভাবনা তৈরি হয়েছে। এর সঙ্গে উন্নত সড়ক যোগাযোগ গড়ে তুলতে রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতা কাম্য। প্রতিদিন দমদম ও বিধাননগর স্টেশনে যথাক্রমে ২২২ ও ২১৬ জোড়া লোকাল ট্রেন চলাচল করে। সেই অনুপাতে স্টাফ ও নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হবে এবং স্পষ্ট ঘোষণার মাধ্যমে যাত্রীদের সব তথ্য জানানো হবে। যাত্রীদের নিরাপত্তার স্বার্থে লাইনের উপর দিয়ে চলাচল না করার অনুরোধ জানিয়েছে রেল কর্তৃপক্ষ।

## সম্পাদকীয়

# দশম ও দ্বাদশে ফেলের সংখ্যায় রাশ টানতে বাংলা-সহ সাত রাজ্যকে যৌথ বোর্ডের পরামর্শ

স্কুল শিক্ষা বিভাগের সাম্প্রতিক তথ্য, পরিসংখ্যান বলছে, শিক্ষা ক্ষেত্রে ক্রমশ পিছিয়ে পড়ছে দেশের কয়েকটি রাজ্য। রাজ্যগুলিতে ক্রমশ বাড়ছে পড়ুয়াদের ফেলের সংখ্যা। ওই রাজ্যগুলির দশম ও দ্বাদশের ফলাফল ক্রমশই নিম্নমুখী। সংশ্লিষ্ট রাজ্যের দশম ও দ্বাদশের বোর্ডের ফলাফলেই এই তথ্য উঠে এসেছে। এর জন্য বেশ কয়েকটি আঞ্চলিক বোর্ডের শিক্ষা ব্যবস্থাই দায়ী, এমনই মনে করছে স্কুল শিক্ষা বিভাগ। তাই এই রাজ্যগুলির জন্য নতুন ভাবে চিন্তা ভাবনা শুরু করেছে তাঁরা। প্রাথমিক ভাবে কয়েকটি রাজ্যকে এর জন্য বাছাই করা হয়েছে। তারমধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের নামও। বাকি রাজ্যগুলি হল, কেরল, মণিপুর, অসম, অন্ধ্রপ্রদেশ, ওড়িশা ও তেলেঙ্গানা। সবমিলিয়ে সাতটি রাজ্য। এই রাজ্যগুলির ওপর সমীক্ষা চালিয়ে দেখা গিয়েছে বোর্ডের পরীক্ষায় খারাপ ফলাফল এবং আঞ্চলিক বৈষম্য স্পষ্ট। এর জন্য কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এই রাজ্যগুলির দশম ও দ্বাদশ শ্রেনীকে পরীক্ষাকে একই বোর্ডের ছাতার তলায় আনার সুপারিশ করেছে। তবে এ নিয়ে এখনও পর্যন্ত চূড়ান্ত কোনও সিদ্ধান্ত হয়নি। এটা একটি পরামর্শ মাত্র। সংশ্লিষ্ট রাজ্যগুলিকে শিক্ষা ক্ষেত্রে উন্নতির লক্ষ্যে এই মডেল গ্রহণের পরামর্শ দেওয়া হয়েছে। তবে রাজ্যগুলির তরফে এর কোনও প্রতিক্রিয়া মেলেনি। কেন্দ্রের স্কুল শিক্ষা বিভাগ মনে করে, কমন বোর্ড হল, দশম ও দ্বাদশ শ্রেণীর জন্য পড়াশোনার সুবিধার্থে এগিয়ে যাওয়ার পথ। কমন বোর্ড না থাকার ফলে শিক্ষাগত ফলাফল খারাপ হয়। আমরা এই সাতটি রাজ্যকে একটি কমন বোর্ড গ্রহণের সুপারিশ করেছি। এমনই বলছেন স্কুল শিক্ষা সচিব সঞ্জয় কুমার। তথ্য বলছে, ২০২৪ সালে সারা দেশে মোট ২২.১৭ লক্ষ পরীক্ষার্থী দশম শ্রেণীর বোর্ডের পরীক্ষায় ফেল করেছে। ২০.১৬ লক্ষ পরীক্ষার্থী দ্বাদশ শ্রেণীর বোর্ডের পরীক্ষায় ফেল করেছে। পরিসংখ্যান বলছে। দেশে মোট ৬৬টি বোর্ড রয়েছে। যার মধ্যে ৩টি জাতীয় স্তরের এবং ৬৩টি রাজ্য-স্তরের বোর্ড। এই ৬৬টি বোর্ডের মধ্যে ৫৪টি নিয়মিত এবং ১২টি ওপেন বোর্ড রয়েছে।এর মধ্যে শীর্ষ ৩৩টি বোর্ড মোট পরীক্ষার্থীর ৯৭ শতাংশের পরীক্ষা নেয়। বাকি ৩৩টি বোর্ড মাত্র ৩ শতাংশ পরীক্ষার্থীর পরীক্ষা নেয়।

## শব্দবাণ-৩০৮

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ■ | ■ | ১ | | | ২ | ■ |
| ৩ | | | ■ | ■ | | ■ |
| | ■ | | ■ | ৪ | | ৫ |
| | ■ | ■ | ■ | ■ | ■ | |
| ৬ | ৭ | | ■ | ৮ | ■ | |
| ■ | | ■ | ■ | ৯ | | |
| ■ | ১০ | | | | ■ | ■ |

শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. প্রসিদ্ধ ৩. জানাশুনা, পরিচয় ৪. যম ৬. লেখকের কাজ ৯. ডিগবাজি ১০.শ্রদ্ধার বন্ধন।

**সূত্র—উপর-নীচ:** ১. প্রচার, ঘোষণা ২. মাসের শেষদিন ৩. কৌলীন্য ৫. একধরনের মাছ ৭. আলোড়ন, চাঞ্চল্য ৮. চাল।


### সমাধান: শব্দবাণ-৩০৭

**পাশাপাশি:** ২. বনকপোত ৫. লাব ৬. জটা ৭. গাভি ৮. সাবা ১০. নক্ষত্রপাত।

**উপর-নীচ:** ১. ডেপো ২. বদজবান ৩. কল্ল ৪.তলাভিঘাত ৯. সূত্র ১১. ক্ষণ।

## জন্মদিন

## আজকের দিন



সোনাক্ষী সিনহা

*১৯৫৬ বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক মণিরত্নমের জন্মদিন।*

*১৯৮০ বিশিষ্ট তিরন্দাজ দোলা বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন।*

*১৯৮৭ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী সোনাক্ষী সিনহার জন্মদিন।*

# বিশ্ব সাহিত্যে ভক্তকল্পের গ্রহণযোগ্যতা

**শাশ্বত চট্টোপাধ্যায়**

বাংলা এবং বিশ্ব সাহিত্যের বিভিন্ন গল্প-উপন্যাসের সমাহার আজও পাঠকদের মন জয় করে চলেছে। বিভিন্ন ছোট গল্প, বড় গল্প, উপন্যাস ও নানাবিধ কাহিনীর মধ্যে দিয়ে এখনো আবর্তিত হয় মানুষের ব্যস্তবাগিস জীবন। পুস্তকপ্রেমী, গল্প শুনতে পছন্দ করা শ্রোতা বা পাঠকেরা যে ধরণেরই গল্প বা উপন্যাসই হোক না কেন, বই পড়া কিংবা ফোন বা রেডিওতে অডিও রূপান্তর শোনার ক্ষেত্রে হাজার ব্যস্ততার মধ্যেও পাঠক ও শ্রোতাবর্গ নিজেদের ঠিক সময়টা বের করে নেয়। মুক্তখচিত লেখনী, গল্প এবং উপন্যাস প্রেমী মানুষের সংখ্যা যে এখনো যে দূরবীন দিয়ে চোখে পড়ার মতো হয়ে ওঠেনি সেটা প্রতিবছর কলকাতার আন্তর্জাতিক বইমেলা ও ভারতের অন্যান্য গ্রামীণ ও জেলাভিত্তিক বইমেলা গুলিতে উপচে পড়া ভিড় দেখলেই প্রমাণিত হয়। বর্তমান পাঠক এবং শ্রোতাদের কাছে বাংলা বা বিদেশি সাহিত্যের গল্প বা উপন্যাসের ক্ষেত্রে কেন্দ্রীয় চরিত্রমূলক ধারাবাহিক গল্প কথা উপন্যাস বিশেষ একটা পছন্দের জায়গা। ক্রমশ বিশ্ব সাহিত্যের ক্ষেত্রে একটি চরিত্র কেন্দ্রিক ধারাবাহিক গল্প এবং উপন্যাস যে পাঠক সৃষ্টি করেছে সেই পাঠকের দ্বারাই তৈরি হয়েছে এই চরিত্র গুলির ওপর সম্মাননা জ্ঞাপন করে লেখা ফ্যান ফিকশন।। ফ্যান ফিকশন হল কোন গল্প উপন্যাস বা সাহিত্য যা বহুল চর্চিত ও জনপ্রিয় সেই সাহিত্য পাঠক বা ভক্তদের দ্বারা নতুনভাবে সৃষ্টি করা যাতে মূল সাহিত্কীর্তির প্রতি যথাযথ সম্মাননা জ্ঞাপন করা সম্ভব হয় এক্ষেত্রে এই ফ্যান ফিকশন বইয়ের কোন গল্প বা উপন্যাস হতে পারে, রেডিও বা অডিও স্টোরির কোন গল্প হতে পারে অথবা কোন চলচ্চিত্রও হতে পারে। এটি মূলত সোশ্যাল মিডিয়ার ক্ষেত্রেই দৃষ্টিগোচর হয়। তবে আজকাল বিভিন্ন পত্রিকা, গ্রন্থ ইত্যাদিতেও ফ্যান ফিকশন এর বিভিন্ন গল্প, উপন্যাস প্রকাশিত হচ্ছে পাঠকদের চাহিদা অনুসারে। ফ্যান ফিকশনকে কেন্দ্র করে তৈরি হয়েছে বিবিধ বিশ্ব সাহিত্যের চলচ্চিত্র। ফ্যান ফিকশনের ক্ষেত্রে যে কল্পকাহিনীগুলি তৈরি করা হয় সেটির মূল লেখকের সৃষ্টি করা গল্প বা উপন্যাসের চরিত্রগুলোকে নিয়েই সৃষ্ট হয় এবং সেটি হয় সম্পূর্ণ কপিরাইট যুক্ত অর্থাৎ ফ্যান ফিকশনের ক্ষেত্রে যে স্রষ্টার চরিত্র নিয়ে পাঠকগণ দ্বারা কল্পকাহিনী লেখা হচ্ছে সেই লেখকের নামের এবং কর্মকাণ্ডের স্বীকৃতি অবশ্যই কাম্য এবং বাধ্যতামূলক। ১৯৩৮ সাল থেকেই বাংলা এবং বিশ্ব সাহিত্যের বিভিন্ন ফ্যান ফিকশন গ্রন্থ, চলচ্চিত্র, কমিকস কার্টুন প্রভৃতির নাম উল্লেখিত হয়ে আসছে।

সাধারণত এই ফ্যান ফিকশন বা কল্পকাহিনীগুলি বিভিন্ন প্রকারভেদে আবর্তিত হয়। ক্যানন ফিকশন (canon fiction), এ ইউ ফিকশন (AU fiction) যাকে বাংলায় বলা হয় বিকল্প মহাবিশ্ব বা অল্টারনেটিভ ইউনিভার্স ফিকশন, ক্রস ওভার ফিকশন (Cross over fiction, শিপ ফিকশন (Ship fiction) , হিস্টোরিকাল ফ্যান ফিকশন, মেটা ফিকশন প্রভৃতি।

ক্যানন ফিকশন প্রধান গল্পের সাথে সামঞ্জস্য রেখে নির্মিত হয়। এক্ষেত্রে যে গল্পের প্লট দ্বারা অনুপ্রাণিত হয়ে ফ্যানফিকেশন লেখা হচ্ছে সেই গল্পের প্লটের উল্লেখ করা হয় এবং তার অনুমোদন করা হয়।

ক্রস ওভার ফিকশন হলো দুটি গল্পের দুটি মূল চরিত্র কে নিয়ে একসঙ্গে প্রতিস্থাপন করে পাঠক নিজের মনের ক্যানভাসে গল্প তৈরি করে অর্থাৎ ফ্যান ফিকশন তৈরি করে। উদাহরণস্বরূপ বলা যায় কয়েক বছর আগে টলিউডের মুক্তিপ্রাপ্ত একটি ছবি যার নাম অ্দূরবীনদ যেটি একটি ক্রস ওভার ফ্যান ফিকশন। এই ছবিতে বাঙালির দুই স্বনামধন্য লেখকের সৃষ্ট দুটি কালজয়ী চরিত্র ফেলুদা এবং ব্যোমকেশকে একসাথে হাত ধরাধরি করে তদন্ত করতে দেখা গিয়েছে।

অল্টারনেটিভ ইউনিভার্স ফিকশন হল এক অন্যতম কল্প কাহিনী যেখানে ফ্যান ফিকশন লেখার সময় প্লটকে বা থিমকে এক অন্য দুনিয়া বা ইউনিভার্স এ নিয়ে যাওয়া




হয় যেটি সম্পূর্ণরূপে নতুন।

হিস্টোরিকাল ফ্যান ফিকশন সাধারণত কোন জনপ্রিয় লেখকের একটি চরিত্র কে অবলম্বন করে ঐতিহাসিক পটভূমিতে তৈরি করা পাঠকদের কল্পকাহিনী।

শিপ ফিকশন হল একটি জাহাজকে কেন্দ্র করে কোন ফ্যান ফিকশন যে জাহাজের অস্তিত্ব পৃথিবীতে বাস্তবই রয়েছে বা ছিল। উদাহরণ স্বরূপ বলা যায় ১৯৯৭ সালে মুক্তিপ্রাপ্ত 'টাইটানিক' সিনেমাটি একটি সিএফ ফিকশন এর জলজ্যান্ত উপমা।

মেটা ফিকশন এমনই একটি কল্পকাহিনীর ঘরানা যেটা পাঠককে মনে করিয়ে দেয় যে তারা এক কাল্পনিক দুনিয়ার জগতে রয়েছে।

বিদেশী সাহিত্যে ফ্যান ফিকশনের ছড়াছড়ি শুধু বইয়ের পাতায় নয় চলচ্চিত্রতেও নেমে এসেছে। জেনঅস্টিনের বিখ্যাত উপন্যাস 'প্রাইড এন্ড প্রেজুডিসের' সিক্যুয়েল তৈরি হয়েছে বিদেশী সাহিত্যে। তার লেখা 'এমা' উপন্যাসটিও কল্পকথার মাধ্যমে পুনর্গঠনের চেষ্টা করা হয়েছে। এছাড়া এই লেখকের অন্যান্য বিভিন্ন গল্পের প্রবাদপ্রতিম চরিত্রগুলিকে নিয়ে একত্রিত করে তৈরি করা হয়েছে অ্স্পিন অফদ নামক একটি চলচ্চিত্র যেটি একটি আপাদমস্তক ফ্যানফিকশন এর উদাহরণ। জেন অস্টিনের স্ব-লিখিত ফ্যান ফিকশনের মধ্যে মধ্যে উল্লেখযোগ্য স্থান অধিকার করেছে, ওল্ড ফ্রেন্ডস অ্যান্ড নিউ ফ্রান্সিস নামক ফ্যান ফিকশনটি।বিখ্যাত সাহিত্যিক দান্তে রচিত 'ইনফারনো (Inferno)'কে বিশুদ্ধ বাইবেল থেকে অনুপ্রাণিত হয়ে লেখা ফ্যানফিকশন বলে মনে করা হয়।

আধুনিক ফ্যান ফিকশনের একটি অন্যতম খ্যাতিসম্পন্ন সিনেমা হল ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত ছবি 'ফিফটি শেডস অফ গ্রে' যেটি ই এল জেমসের অ্ফিফটি শেড' উপন্যাসের ওপর ভিত্তি করে তৈরি করা একটি ফ্যান ফিকশন। এই উপন্যাসের পরবর্তীকালে সিকুয়েল তৈরি হয়েছিল যার নাম 'ফিফটি শেডস অফ ডার্কার' এবং এই সিনেমাটি মুক্তি পেয়েছিল ২০১৭ সালে। এই 'ফিফটি শেডস' ই এল জেমসের একটি কামোদ্দীপক রোমান্স ফ্র্যাঞ্চাইজি যা লেখা হয়েছিল মার্কিন লেখিকা স্টিফেনি মেয়ারের যৌবন জোয়ারে ভাসমান প্রেমের সিরিজ 'টোয়ালাইটের' পথ অনুধাবন করে তৈরি করা একটি ফ্যান ফিকশন হিসেবে। অষ্টাদশ শতাব্দী অর্থাৎ রোমান্টিক পিরিয়ডের বিখ্যাত লেখিকাদ্বয় শার্লট ব্রন্টে এবং এমিলি ব্রন্টের বিখ্যাত উপন্যাস 'জেন আয়ার' এবং 'উদারিং হাইটসের' পথ অনুসরণ করে তাদের দ্বারা নির্মিত হয়েছিল একটি ফ্যান ফিকশন যার নাম




'গ্লাসটাউন'

সম্প্রতি ফ্যান ফিকশন. নেট নামে একটি ওয়েবসাইট তৈরি হয়েছে যে ওয়েবসাইটে প্রচুর পরিমাণে আপলোড হচ্ছে বিভিন্ন লেখক লেখিকার ফ্যান ফিকশন। এই ওয়েবসাইটে হ্যারি পটারের ফ্যান ফিকশন রয়েছে ৬ লক্ষ ৮০ হাজারেরও বেশি। AO 3 (Archives of our own)এর পরিসংখ্যানের ভিত্তিতে জানা গিয়েছে যে বিশ্বে প্রায় ৮০ শতাংশ লেখিকা রয়েছে যারা ফ্যান ফিকশন লিখেছেন এবং ফ্যান ফ্রিকশন এর সাথে জড়িত রয়েছেন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে। বিশ্ব সাহিত্যের যে সমস্ত উল্লেখযোগ্য ফ্যানফিকশন রাইটাররা রয়েছেন তাদের মধ্যে অন্যতম হলেন, জেন অস্টিন, ই এল জেমস, কেসেন্ডরা ক্লেয়ার, ম্যারিসা মেয়ার, ব্রন্টে সিস্টার্স, এস ই হিন্টন প্রমুখরা।

যে সকল লেখকেরা অডিও স্টোরি চ্যানেলের ফান ফিকশন লিখছেন, বইতে ছাপা অক্ষরে প্রকাশ করার জন্য লিখছেন, তাদের ফ্যান ফিকশন লেখার ক্ষেত্রে আরো যেন যত্নশীল হওয়া উচিত। যাতে সেই কল্পকাহিনীটা বাস্তবিক পক্ষে যে মূল লেখক বা সাহিত্যিকের কালজয়ী সৃষ্টিকে বজায় রেখে করা হচ্ছে তার সৃষ্টির প্রতি যেন প্রকৃত সম্মাননা জ্ঞাপন করা যায়।

বিশ্ব সাহিত্যের যাবতীয় ফ্যান ফিকশন এর পরিসংখ্যান বিশ্লেষণ করলে দেখা যায় ইন্টারনেটের সমস্ত বই সম্পর্কিত বিষয়বস্তুর এক তৃতীয়াংশই মূলত ফ্যান ফিকশন। এই পরিসংখ্যান এটাও ব্যক্ত করেছে যে এখনো পর্যন্ত সারা বিশ্বে প্রায় ১০ কোটিরও বেশি মানুষ ফ্যান ফ্রিকশন পড়েছেন অথবা লিখেছেন। ২০১০ সালে সংঘটিত একটি গবেষণায় পরিলক্ষিত হয়েছে যে ফ্যান ফিকশন . নেট এর ৭৫.২ শতাংশ অ্যাকাউন্টধারীরা এই ওয়েবসাইটটিকে সম্পূর্ণভাবে ফ্যান কিকশনের জন্য তৈরি একটি ওয়েবসাইট বানিয়ে ফেলেছেন। এদের মধ্যে বেশিরভাগটাই অর্থাৎ ৫৭ শতাংশ অ্যাকাউন্ট আমেরিকা থেকে আবির্ভূত হয়েছে বাকি ৯.২ শতাংশ যুক্তরাজ্য, ৫.৬ শতাংশ কানাডা এবং ৪ শতাংশ অস্ট্রেলিয়া থেকে এসেছে।

AO 3 এর ব্যবহারকারীদের নিয়ে ২০২০ সালের একটি সুপরিকল্পিত এবং সু চিন্তিত গবেষণায় প্রস্ফুটিত হয়েছে যে, যে জরিপগুলি জাতীয়তা উল্লেখ করেছে তার মধ্যে ৫৯.৭ শতাংশ উত্তর আমেরিকায়, ১৬.১ শতাংশ গ্রেট ব্রিটেনে, অতিরিক্ত ১০ শতাংশ মূল ভূখণ্ড ইউরোপে, ৬.৩ শতাংশ ওশেনিয়ায়, ২.৮ শতাংশ স্ক্যান্ডিনেভিয়ায়, ২.২ শতাংশ এশিয়ায়, ১.৮ শতাংশ দক্ষিণ আমেরিকা এবং ক্যারিবিয়ানে এবং ০.২ শতাংশ মধ্যপ্রাচ্যে অবস্থিত। আর্কাইভ অফ আওয়ার ওউন এর এই সুদীর্ঘ গবেষণায় কোনোভাবেই চীনা, গ্রীক, ইন্দোনেশিয়ান, জাপানি, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান বা তুর্কি ভাষায় লেখা যেকোনো ধরনের প্রোফাইলকে স্থান দেওয়া হয়নি।

AO3 এর বর্ণিত পটভূমি অনুসারে হ্যারি পটার ফ্যান ফিকশন লেখকদের উপর নির্মিত একটি ২০২০ সালের একটি স্বতন্ত্র পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে উঠে এসেছে যে যারা তাদের নিজস্ব ফ্যান ফিকশন প্রোফাইলে তাদের লিঙ্গ উল্লেখ করেছেন, তাদের মধ্যে ৫০.৪ শতাংশ মহিলা বা নারী- প্রবণ এবং ১৩.৪ শতাংশ পুরুষ বা পুরুষ-প্রবণ ছিলেন। ১১ শতাংশ ব্যবহারকারী ছিলেন ট্রান্সজেন্ডার।এই লেখকগণের মধ্যে ৫৬.৭ শতাংশ ছিলেন বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াএবং তরুণ প্রাপ্তবয়স্কর সংখ্যা ছিল, ২১.৩ শতাংশ ।৩০ বছর বা তার বেশি বয়সী লেখক বা লেখিকার সংখ্যা ছিল ১৯.৮ শতাংশ ।

বাংলা সাহিত্যেও ফ্যান ফ্রিকশন এর জনপ্রিয়তা কিছু কম নয়। স্বয়ং বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় লিখে গিয়েছেন তার কালজয়ী সৃষ্টি 'তারানাথ তান্ত্রিক'। তার প্রতি শ্রদ্ধা জানিয়ে সুযোগ্য বিভূতি পুত্র তারাদাস বন্দ্যোপাধ্যায়ও লিখেছেন তারানাথ তান্ত্রিক কে নিয়েই গল্প এবং বর্তমানে সেই একই বাবা ঠাকুরদার ধারা বজায় রেখে তারাদাস বন্দ্যোপাধ্যায়ের পুত্র তথাগত বন্দ্যোপাধ্যায়ও লিখেছেন তারানাথ তান্ত্রিক। এগুলো প্রায় সবই একপ্রকার ফ্যান ফিকশনের আওতাতেই পড়ে।শিশু সাহিত্যিক নারায়ণ দেবনাথ এর বিখ্যাত চরিত্র 'বাঁটুল দি গ্রেট'-এর ও ফ্যান ফিকশন হয়েছে টেলিভিশনের জি বাংলা চ্যানেলের পর্দায়। কয়েক বছর আগে পর্যন্ত নারায়ণ দেবনাথ সৃষ্ট চরিত্র 'বাটুল দি গ্রেটের' প্রতি শ্রদ্ধার্ঘ জানিয়ে পরিচালক অরিজিত ভদ্র ধারাবাহিকভাবে নির্মাণ করেছিল 'বাটুল দি গ্রেট' যা জি-বাংলায় প্রতি রবিবার সকাল দশটায় সম্প্রচারিত হতো। শক্তিমান বাটুল দি গ্রেটের চরিত্রের ওপর নতুন কল্পনা শক্তি প্রয়োগ করে এই চরিত্রটিকে গোয়েন্দা চরিত্রে রূপান্তরিত করে অরিজিত ভদ্র দশ বছরেরও বেশি সময় ধরে প্রতি রবিবার ধারাবাহিকভাবে টেলিভিশনে সম্প্রচারিত করেছিল এই অনুষ্ঠানটি।

তবে এখন বাংলা সাহিত্যে বিশেষ করে বাংলা সাহিত্যের অডিও স্টোরি জগতে মুড়ি-মুড়কির মত ফ্যান ফিকশনের ছড়াছড়ি। তারানাথ থেকে শুরু করে ফেলুদা, ব্যোমকেশ শার্লক, কোন কিছুরই ফ্যান ফিকশন আর বাদ রাখিনি কোন ইউটিউব চ্যানেল। বর্তমানে পরিসংখ্যান অনুযায়ী আনুমানিক একশটিরও বেশি বাংলা অডিও স্টোরি চ্যানেল রয়েছে। প্রতিটি চ্যানেল রেভিনিউ অর্জন করার জন্য এখন অরিজিনাল গল্পের থেকেও ফ্যান ফিকশন গল্পগুলি বেশি আপলোড করেন নিজের চ্যানেলে। এর ফলে একপ্রকার প্রবাদ প্রতীম গল্পকার গুলির সৃষ্টিগুলিকে সম্মান দেওয়া হচ্ছে বটে কিন্তু প্রচণ্ড পরিমাণে এই ধরনের ফ্যান ফিকশন তৈরি হওয়ার ফলে কোয়ালিটি বা মানের দিক থেকে এই কল্পকাহিনী গুলি একেবারেই পড়ে যাচ্ছে। যার ফলে টাইম ফিকশানের গল্পের প্লট অত্যন্ত দুর্বল এবং শীর্ণ হয়ে দাঁড়াচ্ছে ।

সাম্প্রতিক বাংলা ইউটিউব চ্যানেলগুলি কেবলমাত্র রেভিনিউ অর্জনের জন্য যেমন তেমন করে বিভিন্ন ফ্যান ফিকশন লিখে উপস্থাপিত করছে যা একেবারে শ্রুতি মধুর নয়। বিভিন্ন ক্ষেত্রে যাতে কপিরাইট এর আওতায় না পড়ে তার জন্য ফ্যান ফ্রিকশনের মূল চরিত্র গুলির নাম পরিবর্তন করা হচ্ছে যার ফলে নামগুলি হয়ে উঠছে বিকৃত যা কোনপ্রকারেই কাম্য নয়।

লেখকদের ফ্যান ফিকশন লেখার প্রতি আরো ধৈর্যশীল হওয়া উচিত যাতে সুগঠিত প্লট বুনন করা সম্ভব হয় এবং ফ্যান ফিকশনের চরিত্রদের যা বাস্তব লেখক লেখিকার চরিত্র থেকে অনুপ্রাণিত হয়ে উঠে এসেছে এগুলিকে সুন্দরভাবে প্রস্ফুটিত করতে সক্ষম হয়।

# আলোচনার কেন্দ্রে হরমুজ প্রণালী

**অশোক সেনগুপ্ত**

না, তরমুজ নয়। হরমুজ। ওটা একটা প্রণালী। সরু জলপথ যা পশ্চিমের পারস্য উপসাগরকে*পূর্বে*ওমান উপসাগর ও আরব সাগরের সাথে সংযুক্ত করেছে এবং আরব উপদ্বীপ থেকে

ইরানকে পৃথক করেছে। এই মুহূর্তে অনেকের নজর ও এই জলপথের দিকে।

ইরান হরমুজ প্রণালীকে সংঘাতের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। তবে, কেবল ইরান এই প্রণালী নিয়ন্ত্রণ করে না। এর উত্তর দিকের সীমান্তে ইরান। এর মধ্যে কিছু দ্বীপও তারা নিয়ন্ত্রণ করে। তবে, এই প্রণালীর সীমানা রয়েছে ওমান এবং সংযুক্ত আরব আমিরাতের সাথেও।

সমুদ্রপথের বিকল্প হিসেবে এই প্রণালী তৈরী করা হয়েছিল। ১ম শতকের নাবিকদের জন্য লেখা গাইডবুক এরিত্রিয়ান সাগরের পেরিপ্লাস-এ পারস্য উপসাগরের প্রবেশপথের বর্ণনা রয়েছে। সেখানে প্রণালীর নাম উল্লেখ করা হয়নি। প্রণালীর নামটি পারস্যের রাজা দ্বিতীয় শাপুর-এর মা*ইফরা হুরমিজদ-এর নাম থেকে এসেছে বলে অনেকের ধারণা। ওই রাজা ৩০৯ থেকে ৩৭৯ খ্রিস্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। কেউ আবার বলেন, ১০ম থেকে ১৭শ শতাব্দীর মধ্যে এখানে হরমুজ রাজ্য*ছিল। তার থেকে এই প্রণালীর নাম এসেছে।

ইতিহাসবিদ ও ভাষাবিদদের একাংশের মতে, 'হরমুজ' নামটি এসেছে স্থানীয় ফারসি শব্দ 'হুর-মঘ' থেকে, যার অর্থ খেজুর গাছ। হুরমোজ ও মিনাব এলাকার স্থানীয় উপভাষায় এই প্রণালিকে এখনও 'হুরমঘ' বলা হয়, যার অর্থও ওই রকমই।

এই সামুদ্রিক পথ আন্তর্জাতিকভাবে খুবই গুরুত্বপূর্ণ। কারণ খনিজ তেলবাহী জাহাজ যাতায়াতের এটিই একমাত্র পথ। বিশ্বব্যাপী পেট্রোলিয়াম পরিবহনে এই প্রণালীর কৌশলগত গুরুত্ব অত্যধিক।

জলপথটির সবচেয়ে সরু অংশের দৈর্ঘ্য ২১ মাইল এবং প্রস্থ দুই মাইল। মার্কিন জ্বালানি তথ্য প্রশাসন কর্তৃপক্ষের মতে, ২০০৯ সালে সমুদ্রপথে বৈশ্বিক খনিজ তেল বাণিজ্যের ৩৩ শতাংশ হরমুজ প্রণালী দিয়ে হয়েছে। ২০১৯ সালে হরমুজ প্রণালী দিয়ে এক দিনে এক কোটি ৯০ লক্ষ ব্যারেল খনিজ তেল পরিবাহিত হয়। এ অঞ্চল দিয়ে তেল পরিবহন নির্বিঘ্ন রাখতে




মার্কিন যুদ্ধজাহাজ নিয়মিত পাহারা দিচ্ছে।

হরমুজ প্রণালী দিয়ে পরিবাহিত তেলের বেশির ভাগই এশিয়া, যুক্তরাষ্ট্র ও পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে যায়। জাপানের আমদানিকৃত তেলের তিন-চতুর্থাংশ হরমুজের ওপর দিয়ে নিয়ে যায়। আর চীনের আমদানিকৃত তেলের অর্ধেকই আসে হরমুজ প্রণালী হয়ে। হরমুজ দিয়ে প্রতিদিন ২০ লাখ ব্যারেলের মতো তেলজাত দ্রব্য রফতানি হয়। এর সঙ্গে আছে তরলীকৃত গ্যাসও।

ভারতের বার্ষিক প্রয়োজনের প্রায় ৯০% অপরিশোধিত তেল আমদানি করতে হয়। যার মধ্যে ৪০ শতাংশের কিছু বেশি আসে উপসাগরীয় দেশগুলি থেকে। ভারতে প্রয়োজনের ৩৫ শতাংশ পাঠিয়ে তালিকায় দু'নম্বরে রয়েছে রাশিয়া। বাকিটা পাঠায় মার্কিন যুক্তরাষ্ট্র, আফ্রিকা এবং বাকি দেশগুলি।

বিশেষজ্ঞদের দাবি, হরমুজ সম্পূর্ণ বন্ধ হয়ে গেলে ভারতে ব্যারেল প্রতি তেলের দর ১২০ ডলার বা তার বেশি স্তরে পৌঁছে যেতে পারে। যা অবশ্যই নয়াদিল্লির তেল আমদানির বিল আকাশছোঁয়া করে দেবে। যার বড় প্রভাব পড়বে ঘরোয়া বাজারে, তেলের দরে। সেক্ষেত্রে বিকল্প ব্যবস্থার কথা এখন থেকেই ভাবা শুরু করতে হবে। ভারতের তেল মন্ত্রকের তথ্য অবশ্য বলছে, ভারতের দৈনিক চাহিদার ভিত্তিতে ৭৪ দিন ব্যবহারের সমান সঞ্চিত আছে। ফলে, সেই অর্থে এখনও দেশে তেলের কোনও সমস্যা হওয়ার কথা নয়।

পরিসংখ্যান বলছে, ইরান যদি তাদের হরমুজ প্রণালী দিয়ে কন্টেনারবাহী জাহাজ চলাচল বন্ধ করে দেয়, ভারতের তেল আমদানির ৪০% এবং প্রাকৃতিক গ্যাস আমদানির ৫৪% ব্যাহত হবে।

সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরশাহির মতো বৃহৎ তেল উৎপাদনকারী দেশের কাছে হরমুজ প্রণালী এড়িয়ে বিকল্প পাইপলাইন পথে জ্বালানি সরবরাহ করার পরিকাঠামো আছে। কিন্তু তা দিয়ে হরমুজরে সমান পরিমাণ তেল পাঠানো সম্ভব নয়। এ ছাড়া, তারা মরশুমি ক্রেতা ভারতকে এমতাবস্থায় কতটা তেল পাঠাতে আগ্রহী হবে, তা নিয়েও প্রশ্ন রয়েছে।

# ‘ইংরেজিতে কথা বলা মানুষরা শীঘ্রই লজ্জিত হবেন’




**নয়াদিল্লি, ১৯ জুন:** সাম্প্রতিক সময়ে বারবার দেশের আঞ্চলিক ভাষাগুলির উপর হিন্দির আগ্রাসনের অভিযোগ উঠেছে। ভাষা বিতর্কে নাম জড়িয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র অমিত শাহ-র। এবার অমিত শাহ-ই আঞ্চলিক ভাষার গুরুত্ব বোঝাতে বললেন, দেশে যাঁরা ইংরাজিতে কথা বলেন, তাঁদের এবার লজ্জিত হতে হবে!

বৃহস্পতিবার একটি বইপ্রকাশ অনুষ্ঠানে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী এমন মন্তব্য করার পাশাপাশি তাঁর এই মন্তব্যের ব্যাখ্যাও দিয়েছেন। জানিয়েছেন, ভারতের ভাষাতাত্ত্বিক ঐতিহ্যকে পুনঃপ্রতিষ্ঠিত করার সময় এসেছে। সে ক্ষেত্রে এমন একটি সমাজ গড়ে উঠবে, যেখানে কেউ ইংরেজিতে কথা বলতে লজ্জা পাবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী যোগ করেন, ‘আমাদের দেশ, সংস্কৃতি, ইতিহাসকে বুঝতে কোনও বিদেশি ভাষা সহায়ক হতে পারে না। আধসেদ্ধ বিদেশী ভাষা দিয়ে পূর্ণাঙ্গ ভারতের ধারণা করা যায় না।’ আরও বলেন, ‘আমি জানি লড়াইটা কত কঠিন। কিন্তু আমি এটাও জানি, ভারতীয় সমাজ এটা জিতবে। আমরা আমাদের ভাষাতেই দেশ চালাব।’ শাহ জানান, ২০৪৭ সালে উন্নত ভারত গড়ে তুলতে ভারতের ভাষাগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

# পুণেয় মর্মান্তিক দুর্ঘটনায় মৃত ৯



**পুণে, ১৯ জুন:** বেপরোয়া গাড়ির ধাক্কায় পিষ্ট হয়ে মৃত্যু হল নাবালক-সহ ৯ জনের। বুধবার মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে মহারাষ্ট্রের পুণেতে। আহত হয়েছেন আরও ৩ জন। গোটা ঘটনাটিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় এলাকায়।

ঘটনায় শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি তাঁর এক্স হ্যান্ডলে লেখেন, ‘পুণের পথদুর্ঘটনার খবর পেয়ে আমি গভীর শোকাহত। মৃতদের পরিবারের প্রতি আমার সমবেদনা রইল। আহতরা দ্রুত সুস্থ হয়ে উঠুক।’ প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে অনুদান দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। আহতদের ৫০,০০০ টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হবে।

স্থানীয় সূত্রে খবর, এদিন সন্ধে ৬টা ৪৫ মিনিট নাগাদ জেজুরি-মোরগাঁও সড়ক পথের ধারে একটি ছোট ধাবায় ভিড় জমিয়েছিলেন বেশ কিছু মানুষ। সেই সময়ে একটি বেপরোয়া গাড়ি আচমকা ধাবায় ঢুকে পড়ে। পর পর ৯ জনকে ধাক্কা মারে গাড়িটি। চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় ৮ জনের। গুরুতর আহত অবস্থায় বাকি ৪ জনকে উদ্ধার করে নিকটবর্তী একটি হাসপাতালে ভর্তি করানো হয়। পরে সেখানেই এক কিশোরের মৃত্যু হয়। হাসপাতাল সূত্রে খবর, বাকি তিনজনের অবস্থা সঙ্কটজনক। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। ইতিমধ্যেই ঘাতক গাড়িটিকে উদ্ধার করেছে তারা। গ্রেপ্তার করা হয়েছে চালককেও। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, যান্ত্রিক ত্রুটির জেরেই গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ধাবায় ঢুকে পড়ে। তবে গোটা বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছন পুলিশ কর্তারা।

# নগদ-কাণ্ডে বিচারপতি বর্মাকে অপসারণের সুপারিশ



**নয়াদিল্লি, ১৯ জুন:** বিচারপতি যশবন্ত বর্মার বাসভবনেই ছিল রাশি রাশি ৫০০ টাকার নোটের স্তূপ! রিপোর্ট দিয়ে এ বার এমনটাই জানাল সুপ্রিম কোর্টের গড়ে দেওয়া তিন বিচারপতির তদন্ত কমিটি। সম্প্রতি ৫৫ জন প্রত্যক্ষদর্শীর বয়ান সংগ্রহের পর ৬৪ পৃষ্ঠার রিপোর্ট জমা দিয়েছে তারা। শুধু তা-ই নয়, বিচারপতি বর্মাকে অপসারণের সুপারিশও করা হয়েছে।

বিচারপতি বর্মার বাড়িতে প্রচুর নোট উদ্ধার হওয়ার পর থেকেই দেশজুড়ে রীতিমতো আলোড়ন পড়ে গিয়েছে। দোলের ছুটি চলাকালীন বিচারপতি বর্মার বাড়িতে আগুন লাগে। তখনই তাঁর বাড়িতে বিপুল পরিমাণ নগদ পান দমকল কর্মীরা। এরপর বিচারপতির বাড়ির কাছে রাস্তা থেকেও পাঁচশো টাকার পোড়া নোট উদ্ধার হয়। এখনও পর্যন্ত ওই অর্থের উৎস জানা যায়নি। নিয়ম অনুযায়ী, শীর্ষ আদালতের ইন হাউস কমিটি পুরো বিষয়টির তদন্ত করছে। যদি ওই কমিটি মনে করে কোথাও বেনিয়ম হয়েছে, তাহলে আইন আইনের পথে চলবে।

সুপ্রিম কোর্টের ওই কমিটির রিপোর্টে স্পষ্ট বলা হয়েছে, বিচারপতি বর্মাকে ইমপিচ করার সিদ্ধান্তে পৌঁছনোর মতো যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়েছে। ওই রিপোর্ট শীর্ষ আদালতে জমা পড়ার পরই ইমপিচমেন্ট প্রক্রিয়া শুরু হবে। তাৎপর্যপূর্ণভাবে স্বাধীন ভারতে এর আগে কোনও হাইকোর্ট বা সুপ্রিম কোর্টের বিচারপতিকে ইমপিচ করা হয়নি। বিচারপতি বর্মাই সম্ভবত প্রথম বিচারপতি হিসাবে ইমপিচমেন্টের মুখে পড়তে চলেছেন।

# যুদ্ধের মধ্যস্থতা চেয়ে তুরস্ক সফরে যেতে পারেন ইরানের বিদেশমন্ত্রী




**আঙ্কারা, ১৯ জুন:** ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি চলতি সপ্তাহে সম্ভবত তুরস্কে যেতে পারেন। ইরান-ইজরায়েল যুদ্ধ নিয়ে বৈঠক হতে পারে বলে তুরস্ক বিদেশ মন্ত্রণালয় সূত্রে খবর। জানা গিয়েছে, শনিবার ইস্তানবুলে ইসলামিক সহযোগিতা সংস্থা (ওআইসি) এর ৪০ জনেরও বেশি প্রতিপক্ষের সঙ্গে আরাগচির একটি বৈঠকে যোগ দেওয়ার কথা রয়েছে। অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন সৌদি আরবের যুবরাজ ফয়সালবিন ফারহান, কাতারের শেখ মহাম্মদ বিন আব্দুল রহমানবিন জসিম আল থানি এবং ইরাকের ফুয়াদ মোহাম্মদ হুসেন। ৫১তম ওআইসি বৈঠকে দুই দেশের মধ্যে চলা যুদ্ধ বিষয়ক আলোচনা বলে মনে করা হচ্ছে।

ইরানের বিরুদ্ধে ইজরায়েলের বিমান হামলা নিয়ে আলোচনার জন্য একটি বিশেষ অধিবেশনও অনুষ্ঠিত হবে বলে সূত্রটি জানিয়েছে। গত সপ্তাহে ইরানে ইজরায়েলের হামলার নিন্দা জানানোর পর তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান ইহুদি রাষ্ট্রটিকে উস্কানির জন্য অভিযুক্ত করেছেন। এরদোগান এই সপ্তাহান্তে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ফোনে সংঘাত কমানোর উপায় নিয়ে আলোচনা করেছেন। ট্রাম্পের সঙ্গে কথোপকথনের পর, এরদোগান সোমবার ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গেও কথা বলেছেন, তেহরানের আমেরিকার সঙ্গে পারমাণবিক আলোচনায় ফিরে আসার জন্য প্রস্তাব দিয়েছেন। তুরস্কের রাষ্ট্রপতি, রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন, কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এবং সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপতি মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান সহ আঞ্চলিক নেতাদের সঙ্গেও পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। যদিও এই বৈঠকের ফাঁকে ফিদান এবং আরাঘচি দ্বিপাক্ষিক বৈঠক করবেন কিনা তা এখনও স্পষ্ট নয়। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, ইস্তানবুলের আগে, আরাঘচি শুক্রবার তার ইউরোপীয় প্রতিনিধির সঙ্গে দেখা করার জন্য জেনেভা যাবেন। পরে তিনি লন্ডন, ফ্রান্স এবং জার্মানির বিদেশ মন্ত্রীদের সঙ্গে দেখা করবেন বলে আশা করা হচ্ছে।

# রাজস্থানে বজ্রাঘাতে কৃষকের মৃত্যু

**জয়পুর, ১৯ জুন: চলতি বছরে নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই রাজস্থানে প্রবেশ করেছে বর্ষা। বর্ষা শুরুর দিনেই নিম্বলা গ্রামে বজ্রাঘাতে মৃত্যু হয়েছে এক কৃষকের। আবহাওয়া দপ্তর বৃহস্পতিবারের জন্য একাধিক জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা জানিয়ে কমলা সতর্কতা জারি করেছে। ইতিমধ্যেই বুধবার দুপুরে রাজস্থানে আবহাওয়া দপ্তর বর্ষা আগমনের ঘোষণা করে।**

**পুলিশ সূত্রে জানা গিয়েছে , বুধবার রাতে জয়পুরের অন্তর্গত নিম্বলা গ্রামে বৃষ্টির সময় বজ্রাঘাতে কৃষক দালারাম মীনার (৫২) মৃত্যু হয়। তখন তিনি মাঠের কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন।**

# হরিয়ানায় পথদুর্ঘটনায় মৃত যুবক, আহত আরও এক

**পানিপত, ১৯ জুন:** হরিয়ানার পানিপতে এক মর্মান্তিক পথ দুর্ঘটনা ঘটে। ঘটনাটি ঘটেছে, বুধবার রাতে সেক্টর ২৫-২৯ মোড়ের কাছে জিটি রোডে। জানা গিয়েছে, একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে সেক্টর-২৯ মোড়ে এক বাইক আরোহীর পেছন থেকে ধাক্কা দেয়। এক পুলিশ আধিকারিক জানান, মৃত যুবকের নাম প্রিন্স। এদিন রাতে সে তার বন্ধু পারস সহ কাজ শেষে বাইকে ফিরছিলের। সেক্টর ২৫-২৯ মোড়ের কাছে জিটি রোডে একটি দ্রুতগতির বাস নিয়ন্ত্রণ হারিয়ে পেছন থেকে ধাক্কা দিলে বাইকসহ দুইজন রাস্তায় ছিটকে পড়ে।

# অপারেশন সিন্ধু: ইরান থেকে ফিরলেন ভারতীয় পড়ুয়ারা

**নয়াদিল্লি, ১৯ জুন:** শুরু হল ‘অপারেশন সিন্ধু’। মধ্য প্রাচ্যে যে যুদ্ধ পরিস্থিতির সৃষ্টি হয়েছে ইরান-ইজরায়েলের সংঘাতের জেরে, তার মাঝেই এই অভিযান। ইরানে আটকে থাকা ভারতীয়দের উদ্ধার করে আনা হল দেশে। প্রথম দফায় ১১০ জন ভারতীয় পড়ুয়া ফিরল দিল্লিতে। ইরান-ইজরায়েলের সংঘাতের পরই সেখানে আটকে পড়া ভারতীয়দের নিয়ে উদ্বেগ বেড়েছিল। ভারত সরকারও হাত গুটিয়ে থাকেনি। ভারতীয়দের উদ্ধার করে আনার যথাসাধ্য চেষ্টা করছিল, কিন্তু ইরানের আকাশপথ বন্ধ থাকায় তা সম্ভব হচ্ছিল না। পরে ইরান সরকার সীমান্ত দিয়ে উদ্ধারকাজে সম্মতি দিতেই শুরু হল অপারেশন সিন্ধু।

# জম্মু ও কাশ্মীরে টিউবওয়েলের খোড়া গর্তে পড়ে শিশুর মৃত্যু

**বাডগাম, ১৯ জুন:** গভীর জলের টিউবওয়েলের খোড়া গর্তে পড়ে মর্মান্তিক মৃত্যু হল এক ছয় বছরের এক শিশুর। ঘটনাটি ঘটেছে বুধবার মধ্য কাশ্মীরের বাডগাম জেলার খানসাহেব এলাকায়।

জানা গিয়েছে, হারওয়ানির দুই ভাইবোন গভীর জলের টিউবওয়েলে পড়ে যাওয়া ফলে ছয় বছরের এক ছেলের মৃত্যু হয়েছে এবং তার ছোট বোনকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে নিকটবর্তী একটি উপ-জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। সরকারি সূত্র জানিয়েছে, মৃত শিশুর নাম বাসিত আহমেদ খান (৬) এবং তার পাঁচ বছরের বোন। টিউবওয়েলে পড়ে যাওয়ার পর দুই শিশুই অচেতন অবস্থায় পাওয়া যায় এবং তাদের পরিবার তাদের নিকটবর্তী একটি উপ-জেলা হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের চিকিৎসকরা বাসিতকে মৃত ঘোষণা করেন এবং ছোট শিশু কন্যাকে চিকিৎসার জন্য শ্রীনগরের এসএমএইচএস হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

**e-Tender Notice**

N.I.e-T. No.: 10/2025-26/15th F.C (2nd Call) vide Memo No.: 350/Bh-I P.S., dated 16/06/2025, N.I.e-T. No.: 11/ 2025-26/5th S.F.C. (3rd Call) vide Memo No.: 355/Bh-I P.S., dated 18/06/2025 and N.I.e-T. No.: 12/2025-26/ 15th F.C. vide Memo No. 356/Bh-I P.S., dated 18/06/2025 has been published. Details of N.I.e-T: **http://wbtenders.gov.in**

*Sd/- Executive Officer, Bharatpur-I P.S., Murshidabad*

**Office of the DEBIPUR GRAM PANCHAYAT, Dhanirampur, Shibnagar, Murshidabad, 742306.**

NIeT No-4/15 th CFC/DGP/2024-25, Memo No 398/2/EN (8) /DGP/2025, Dt 17.06.25.Last date of bid submission 24.06.25 upto 15. 00 hrs, Technical Bid opening date 27.06.25 at 10 hrs. For details visit website http://wbtender.gov.in

Sd /-
Prodhan, Debipur Gram Panchayat , Murshidabad.

**OFFICE OF THE ISLAMPUR GRAM PANCHAYAT**
(Under Jagatballavpur Panchayat Samity)
**Notice Inviting Tender Under CFC Fund**

**NIT No: 220/NIET/IGP/15TH FC/2025, Dated 16/06/2025**. Total 9 nos. of e-Tender has been invited on behalf of The Pradhan, Islampur GP. For more information visit **www. wbtenders.gov.in**

Sd/- Pradhan
Islampur Gram Pnachayat

**DHANPOTA GRAM PANCHAYAT E- TENDER**
**Magraghat-II Block, South 24 Parganas District**
**ABRIDGED NIT**

On behalf of Dhanpota Gram Panchayat of Magraghat II Block under south 24 parganas dist. invites bids for 1nos Tubewell 3 no drain and 2 no pcc road vide NIT No.87,dated 20/06/2025 within the GP area. The Estimated Cost excluding GST & L. Cess are **Rs.197896/- Rs. 249910/- Rs. 129868/- Rs. 214174/. Rs. 166394/- Rs. 210447/-** respectively. The period of bid submission is **10 AM of 20th June to 2PM of 28th June 2025.** Tender opening **01/07/2025**

**Sd/- Pradhan,**
**Dhanpota Gram Panchayat**

**OFFICE OF THE JYANGRA HATIARA II GRAM PANCHAYAT**
(Under Rajarhat Panchayat Samiti)
**NOTICE INVITING TENDER UNDER CFC-Untied**

**NIT No.: JH II/003 (25-26), Memo No.: JH II/440, Date: 16.06.2025.** 1 (one) no. of E-Tender has been invited on behalf of Pradhan, Jyangra Hatiara No 2 Gram Panchayat. Details contact website: **www.wbtenders.gov.in**

Sd/- **Prodhan**
**Jyangra Hatiara No 2 Gram Panchayat**

**CHANDIGARH ROHANDA GRAM PANCHAYAT**
**NOTICE INVITING E-TENDER**

**NIT No.: 336/NIT/CRGP/2025**
**Date: 17.06.2025**

Bid submission **17.06.2025 to 24.06.2025 by 18:50 hours.** Opening Technical Bid on **27.06.2025 (surrounding 10:35 Hrs.)**. For detail information visit with Website : **https://wbtenders.gov.in/nicgep/app** and Tender Notice Board Chandiragh Rohanda Gram Panchayat.

Sd/- **Pradhan**
**Chandigarh Rohanda Gram Panchayat**

**BASIRHAT MUNICIPALITY**
**BASIRHAT, NORTH 24 PGNS**
**Corrigendum for Extension of Date**
**NIQ-03 of 2025-26**

Online Tender has been invited from bonafide agencies for Selection of an event management agency for procurement of souvenir items including packaging of all items in respect of Basirhat Municipality. e-Tender Closing Date: **25.06.2025 at 9.00 am.** Bid Opening Date: **27.06.2025 at 9.00 p.m.** For more information, visit: **www.wbtenders.gov.in** & **www.basirhatmunicipality.in**

Sd/- **Chairperson**
**Basirhat Municipality**

**BIRNAGAR MUNICIPALITY**
**Tender Notice**

| Sl. No. | Name of Work | NIT No | Date of Publishing | Bid submission closing date online |
|---|---|---|---|---|
| 1 | Construction of Mukta Mancha at Librarypara Play ground at Ward No- 04 under Birnagar Municipality, Library Para, P.O.- Birnagar, P.S.- Taherpur, Dist- Nadia. | WBMAD/BM/3e/2025-26 Memo No- 289/PWD Dated: 18-06-2025 | 18.06.2025 at 04.00 PM | 04.07.2025 at 03.55 PM |

For details please visit www.wbtenders.gov.in & www.birnagarmunicipality.org

Partha Kumar Chatterjee
Chairman
Birnagar Municipality

**Press Notice**

E-Tenders are hereby invited from Bonafede experienced and reliable contractors for Construction of 14 no's scheme under PMKSY WDC 2.0 scheme in Purulia District on and from **20/06/2025 to 30/06/2025. Vide NIT- 09/PMKSY-WDC2-NRM/01/25-26** Details of timing, eligibility criteria etc. pl. visit **www.wbtenders.gov.in**

**Sd/-**
**Assistant Director of Agriculture**
**Baghmundi Block &**
**PIA, Kharkai & Subarnarekha Watershed**

**SHORT NOTICE INVITING E-TENDER**
**N.I.T. No.– WBMAD/ULB/RSM/115/ 25-26 Dated 19.06.2025**

E-Tenders are being Invited for : INSTALLATION OF 4 NOS OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT EACH HAVING 5NOS OF 110W LED LIGHT FITTING (MODEL BVP192 LED 110 CW) IN THE FOLLOWING LOCATIONS IN WARD NO 32 . RAJPUR SONARPUR MUNICIPALITY UNDER SONARPUR UTTAR AC WARD NO 32. (I) JANAMANGAL TRIKON PARK (ii) LENIN NAGAR HARI MANDIR (iii) KEYABAGAN SAHAPARA.(iv)SREEPUR MUSLIM PARA JAME MASJID. (Estimated Scan No. 286961). a) Date of uploadation: **20.06.2025 at 11-00 hrs.** b) Tender Value: **Rs: 4,29,181.48/-.** c) Documents download starting date & time: **20.06.2025 at 11-00 hrs.** d)Last Date & Time Limit for Submission of E-Tender: **27.06.2025 at 11-00 hrs.** e) Date & Time for Opening of Technical Bid: **01.07.2025 at 11-05 hrs.** f) Date & Time for Opening of Financial Bid: **To be notified**. For more information please visit **http://www.wbtenders.gov.in.**

**S/D Chairman,**
**Rajpur-Sonarpur Municipality**

**SHORT NOTICE INVITING E-TENDER**
**N.I.T. No.– WBMAD/ULB/RSM/117/ 25-26 Dated 19.06.2025**

E-Tenders are being Invited for : INSTALLATION OF 4 NOS OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT, EACH HAVING 5NOS OF 110W LED FLOOD LIGHT FITTING ( MODEL BVP192 LED 110 CW) IN THE FOLLOWING LOCATIONS IN WARD NO 29. RAJPUR SONARPUR MUNICIPALITY UNDER SONARPUR UTTAR AC WARD NO 29. (i) KALITALA SUNNY CREAST (ii) MAZUMDERPARA SUNNY DEW (iii) GARIA STATION ROAD. (iv) GARIA CHAWL PATTY. (Estimated Scan No. 286961). a)Date of uploadation: **20.06.2025 at 11-00 hrs.** b) Tender Value: **Rs: 4,29,181.48/-.** c) Documents download starting date & time: **20.06.2025 at 11-00 hrs.** d)Last Date & Time Limit for Submission of E-Tender: **27.06.2025 at 11-00 hrs.** e) Date & Time for Opening of Technical Bid: **01.07.2025 at 11-05 hrs.** f) Date & Time for Opening of Financial Bid: **To be notified.** For more information please visit **http://www.wbtenders.gov.in.**

**S/D Chairman**
**Rajpur-Sonarpur Municipality**

**OFFICE OF THE RAIPUR GRAM PANCHAYAT**
**VILL+P.O-SABDARNAGAR**
**P.S.–NOWDA✷DIST-MURSHIDABAD**
**TENDERNOTICE**

E Tender is invited through online Bid System vide NIeT No: - 03/Raipur **GP/2025-26, 04/Raipur GP/2025-26 & 05/Raipur GP/ 2025-26 Vide Memo No. 302/ RGP/15th FC(Tied)/2025-26, 303/ RGP/15th FC(Tied)/2025-26 & 304/RGP/15th FC(Untied)/2025-26,** Dated:-16-06-2025, The Last date for online submission of tender is **26/06/2025 Upto 11.00 A.M.** For details, please visit website: - **https://wbtenders.gov.in**

**Sd/-, Prodhan**
**Raipur Gram Panchayat**

**OFFICE OF THE NATUNGRAM GRAM PANCHAYAT**
**UNDER MURSHIDABAD-JIAGANJ DEVELOPMENT BLOCK**
**MURAGOAR, TALGACHI, MURSHIDABAD, PIN-742149**
**e-mail: natungramgp@gmail.com**
**NOTICE INVITING e-Tender**

e-Tender are invited through online Bid System under Following Tender **(NIeT) No:NGP-06/2025-2026 Dated:19-06-2025.** The lastdate for online submission of tender is **28-06-2025 (Saturday) upto16:00 Hours.** For details please visit website **https://wbtenders.gov.in**

**Sd/- Sangita Roy**
**(Prodhan, Natungram G.P.**

**NOTICE**

e-Tender are invited for execution of different WHS Scheme of vide NIT reference No **01/PMKSY- WDC2.0/ 11/ NRM/25-26** in the district Purulia. For details please visit **www.wbtender.gov.in,** Last date of submission of the tender is **23/06/2025 upto 03:00 p.m.**

**Sd/-**
**PIA, Garga & Ijri Watershed, Purulia Asst. D. Agriculture, Joypur Block**

**NOTICE INVITING TENDER**
**WRI&DD. e-NIT**

On behalf of the Governor of West Bengal the Executive Engineer (A-I), Burdwan (A-I) Division, Purta Bhaban 2nd Floor, Burdwan-713103, Dist. Purba Bardhaman invite 01 (one) no. e-Tender vide no. WRDD/ BDNAID/06/25-26 consisting of 01 (one) no. group from the experienced and bonafide resourceful agencies for “Annual maintenance work of Batayan inspection Bungalow at Suri, Birbhum under Burdwan (A-I) Division” having tender ID 2025_WRDD_867031_1. Last Date of Online submission: 27.06.25 up to 12.00 Noon. Details may be seen in the website **http://wbtender.gov.in** & office Notice Board.

**Sd/-**
**Executive Engineer(A-I)**
**Burdwan (A-I) Division**

**SHORT NOTICE INVITING E-TENDER**
**N.I.T. No.– WBMAD/ULB/RSM/118/ 25-26 Dated 19.06.2025**

E-Tenders are being Invited for : INSTALLATION OF 4 NOS OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT EACH HAVING 5NOS OF 110W LED FLOOD LIGHT FITTING ( MODEL BVP192 LED 110 CW) IN THE FOLLOWING LOCATIONS IN WARD NO 31. RAJPUR SONARPUR MUNICIPALITY UNDER SONARPUR UTTAR AC WARD NO 31. (I) ANANDAPALLY SHOP OF BHAJAN (ii) MAHAMAYATALA GANGA (iii) LAKE GARDEN PALLY UNNAYAN SAMITY. (iv) ANGAN MORE. (Estimated Scan No. 286961). a)Date of uploadation: **20.06.2025 at 11-00 hrs.** b) Tender Value: **Rs: 4,29,181.48/-.** c) Documents download starting date & time: **20.06.2025 at 11-00 hrs.** d)Last Date & Time Limit for Submission of E-Tender: **27.06.2025 at 11-00 hrs.** e) Date & Time for Opening of Technical Bid: **01.07.2025 at 11-05 hrs.** f) Date & Time for Opening of Financial Bid: **To be notified.** For more information please visit **http://www.wbtenders.gov.in.**

**S/D Chairman,**
**Rajpur-Sonarpur Municipality**

**SHORT NOTICE INVITING E-TENDER**
**N.I.T. No.– WBMAD/ULB/RSM/116/ 25-26 Dated 19.06.2025**

E-Tenders are being Invited for : INSTALLATION OF 6 NOS OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT,EACH HAVING 5NOS OF100W LED FLOOD LIGHT FITTING ( MODEL BVP192 LED 110 CW) IN THE FOLLOWING LOCATIONS IN WARD NO 27. RAJPUR SONARPUR MUNICIPALITY UNDER SONARPUR UTTAR AC WARD NO 27.(i)14 PALLY KABARASTAN (IDEAL),(ii)UKHILA NURSHING COLLEGE MONTU SHOP, (iii) CHOTO KARBALA KABARSTAN, (iv) DAKSHIN KUMRAKHALI BHARTALA,(v)GREEN PARK BATTALA,(vi) NILACHAL COMPLEX 07 NO ROW(BASANTI APARTMENT(Estimated Scan No. 286961). a)Date of uploadation: **20.06.2025 at 11-00 hrs.** b) Tender Value: **Rs: 6,43,772.22/-.** c) Documents download starting date & time: **20.06.2025 at 11-00 hrs.** d) Last Date & Time Limit for Submission of E-Tender: **27.06.2025 at 11-00 hrs.** e) Date & Time for Opening of Technical Bid: **01.07.2025 at 11-05 hrs.** f) Date & Time for Opening of Financial Bid: **To be notified.** For more information please visit **http://www.wbtenders.gov.in.**

**S/D Chairman**
**Rajpur-Sonarpur Municipality**

**NOTICE INVITING E-TENDER**

Application are invited from Contractors/Agencies vide NIT bearing Memo nos.- **BGP/254/2025, Dated: 03/06/2025 (Sl no – 1,2,3)** of the undersigned for implementation for construction of covered pacca drain and bearing Memo nos.- **BGP/255/2025, Dated: 03/06/2025 (Sl no – 1)** for implementation for construction of CC Road and NIT bearing Memo nos.- **BGP/270/2025, Dated: 12/06/2025 (Sl no – 1)** for implementation for construction of CC Road from CFC Fund at different location under Bandipur Gram Panchayat.For details visit Office Notice Board and **wbtenders.gov.in**

Sd/- **Prodhan**
**Bandipur Gram Panchayat**
**Barrackpore-II**
**North 24 Parganas**

**মেট্রো রেলওয়ে, কলকাতা**

ভারতের রাষ্ট্রপতির তরফে **চিফ সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার/প্রোজেক্ট,** মেট্রো রেলওয়ে, কলকাতা নিম্নলিখিত কাজের জন্য ওপেন টেন্ডারের পরিপ্রেক্ষিতে ই–টেন্ডার আহ্বান করছেন। টেন্ডারটি ১৭.০৭.২০২৫ তারিখ দুপুর ৩টের সময় খোলা হবে। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং এরূপ কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না। **কাজের নামঃ** ওসিসি, ডিএসইআর এবং ডিপোতে স্থাপিত সিস্টেম সহ গ্রীন লাইনের (এসভিএসএ–এসডিএইচএম) সম্পূর্ণ ফেজ। স্টেশনগুলির জন্য ডিসিএস সহ কিন্তু ইউপিএস ব্যতীত সিগন্যালিং সিস্টেমের জন্য স্থাপিত সকল ইক্যুইপমেন্টের তিন বছরের জন্য সামগ্রিক বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি। **টেন্ডার মূল্যঃ** ২৫,৮৮,৬৭,৭৭৪.৬০ টাকা, **বায়না মূল্যঃ** ১৪,৪৪,৩০০ টাকা, **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** ০.০০ টাকা। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ৩৬ মাস। টেন্ডারটি **https://www.ireps.gov.in** ওয়েবসাইটে দেখা যাবে। টেন্ডারদাতা/বিডদাতাদের অবশ্যই ক্লাস–III ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট থাকতে হবে এবং আইআরইপিএস পোর্টালে রেজিস্টার্ড থাকতে হবে। কেবলমাত্র রেজিস্টার্ড টেন্ডারদাতা/ বিডদাতারাই ই–টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন। ই–টেন্ডারে অংশগ্রহণের সময়ে সকল সংশ্লিষ্ট নথিপত্র অবশ্যই আপলোড করতে হবে

**ওপেন টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ এসঅ্যান্ডটি/ওয়ার্ক/২০–২০২৫ তারিখঃ ১৮.০৬.২০২৫**

আমাদের অনুসরণ করুন: /metrorailwaykol /metrorailkolkata

**পূর্ব রেলওয়ে**

**হাওড়া ডিভিসন থেকে যাত্রা শুরু করা ০২টি যাত্রিবাহী ট্রেনের ০২টি এসএলআর কামরা এবং ট্রেন নং ১২৩৭১/৭২-তে ০১টি আরটিভিপি কামরায় পার্সেল স্পেস লিজিংয়ের জন্য ই-অকশন আহ্বায়ক বিজ্ঞপ্তি**

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকট ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ আইআরইপিএস ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে দুই বছরের জন্য হাওড়া ডিভিসন থেকে যাত্রা শুরু করা ০২টি যাত্রীবাহী ট্রেনের ০২টি এসএলআর কামরা এবং ট্রেন নং ১২৩৭১/১২৩৭২-তে ০১টি আরটিভিপি কামরায় পার্সেল স্পেস লিজিংয়ের জন্য ই-অকশন আহ্বান করছেন। বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সম্বলিত অহস্তান্তরযোগ্য অকশন ক্যাটালগ **www.ireps. gov.in**-তে পাওয়া যাবে। **www.ireps.gov.in**-তে ই-অকশন মডিউলের মাধ্যমে এই ই-অকশনের জন্য বিডিং জমা করা যাবে। ই-অকশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হলে, ব্যবসায়ীদের **www.ireps.gov.in** ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে একবারের জন্য রেজিস্ট্রেশন করা বাধ্যতামূলক। ব্যবসায়ীদের ক্লাস-৩ ডিজিটাল সিগনেচার অবশ্যই নিতে হবে। **অকশন ক্যাটালগের বিস্তারিত বিবরণ : ● অকশন ক্যাটালগ নং :** পিসিএল-এইচডব্লুএইচ-এল২৫-৬এফ। **কামরা :** ০২টি যাত্রীবাহী ট্রেনের ০২টি এসএলআর কামরা এবং ট্রেন নং ১২৩৭১/১২৩৭২-তে ০১টি আরটিভিপি। **অকশন শুরুর তারিখ ও সময়:** ২৫.০৬.২০২৫, দুপুর ১টা।

(HWH-148/2025-26) **সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, হাওড়া**

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে


আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

# পরবর্তী প্রজন্মের জয়ধ্বনি বাংলার ক্রিকেটে! অভিষেক দুই প্রাক্তন ক্রিকেটার পুত্রের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বাংলার ক্রিকেটে এক নতুন অধ্যায়ের সূচনা হল এবারের বেঙ্গল টি-টোয়েন্টি লিগে। রাজ্যের এক প্রাক্তন তারকা ক্রিকেটার লক্ষ্মীরতন শুক্লার ছেলে অগোস্ত শুক্লা অ্যাডামাস হাওড়ার হয়ে ক্রিকেটের এই মর্যাদাপূর্ণ মঞ্চে পা রাখলেন। অন্য দিকে অন্যদিকে বাংলার আর এক প্রাক্তন ক্রিকেটার সৌরাশিস লাহিড়ীর ছেলে শ্রেয়াংস লাহিড়ী বাংলার আন্ডার - ১৪ লিগে অভিষেক ঘটালো। তাঁদের এই অভিষেক শুধু তাঁদের পরিবারেই নয়, বাংলার ক্রিকেটপ্রেমীদের মধ্যেও উদ্দীপনা ছড়িয়ে দিয়েছে। দু'জনেই ছোট থেকেই ক্রিকেটের পরিবেশে বড় হয়েছেন। বাবার মতো তাঁরাও ব্যাট-বলের প্রতি ভালোবাসা পেয়েছেন উত্তরাধিকার সূত্রে। অগোস্ত ও শ্রেয়াংস- দু'জনেই কঠোর পরিশ্রম আর প্রতিভার জোরে নিজের জায়গা করে নিচ্ছেন। তাঁদের খেলার মধ্যে সেই ক্রিকেট সংস্কৃতির ছাপ দেখা যাচ্ছে, যা তাঁদের বাবারা একসময় ময়দানে রেখে গিয়েছিলেন। এই ঘটনা বাংলার ক্রিকেটের আগামী দিনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন প্রজন্মের ছেলেমেয়েরা দেখছে, কিভাবে ক্রীড়াবিদ পিতার অনুপ্রেরণায় তাঁর সন্তান ক্রিকেটকে পেশা হিসেবে বেছে নিচ্ছে। শুধু বিখ্যাত বাবার পরিচয়ে নয়, নিজের দক্ষতায় নিজের পরিচিতি তৈরি করছে। এতে প্রমাণ হচ্ছে, খেলার জগতে সফল হতে গেলে শুধুমাত্র নাম নয়, চাই কঠোর অধ্যবসায় ও নিষ্ঠা। বেঙ্গল টি-টোয়েন্টি লিগ এখন শুধু প্রতিযোগিতা নয়, বাংলার তরুণ প্রতিভাদের জন্য এক বড় মঞ্চ। এই লিগেই নিজেদের প্রথম বড় সুযোগ পাচ্ছেন অনেক উঠতি ক্রিকেটার। তাদের মধ্যে অগোস্ত শুক্লার অংশগ্রহণ বাকিদের আরও উৎসাহ দিচ্ছে। তাঁদের দেখে অনেকেই বুঝতে পারছে যে সুযোগের দরজা সবার জন্যই খোলা, যদি যোগ্যতা ও ইচ্ছা থাকে।সামগ্রিকভাবে বলতে গেলে, এই দুই তরুণ ক্রিকেটারের উপস্থিতি বাংলার ক্রীড়াক্ষেত্রে এক নতুন আশার আলো দেখাচ্ছে। তাঁরা শুধু তাঁদের বাবাদের উত্তরাধিকার বহন করছেন না, নিজেদের স্বপ্নও গড়ে তুলছেন। তাঁদের এই যাত্রা আগামী প্রজন্মকে আরও বেশি করে খেলাধুলার দিকে টানবে এবং বাংলার ক্রিকেট ভবিষ্যতে আরও সমৃদ্ধ হবে, এটাই আশাবাদ।

# পরের বছর আইএসএল আয়োজন নিয়ে অনিশ্চয়তা



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দেশের সর্বোচ্চ ফুটবল লিগ নিয়ে হঠাৎই জল্পনা শুরু হয়েছে। পরের বছর আইএসএল আয়োজন নিয়ে অনিশ্চয়তা। এআইএফএফ প্রকাশিত বার্ষিক ফুটবল ক্যালেন্ডারে আইএসএলের* দিনক্ষণ নেই। এরপর থেকেই ফুটবলপ্রেমীদের মধ্যে আইএসএলের ভবিষ্যৎ নিয়ে জল্পনা শুরু হয়। আইএসএলের আয়োজক সংস্থা ফুটবল স্পোর্টস ডেভেলপমেন্ট লিমিটেড (এফএসডিএল) এবং সর্বভারতীয় ফুটবল সংস্থার (এআইএফএফ) মধ্যে এখনও নতুন করে চুক্তি স্বাক্ষরিত হয়নি। চুক্তি স্বাক্ষরিত নাহলে আইএসএল আয়োজন করা সম্ভব নয়।

২০১০ সালে স্বাক্ষরিত চুক্তি চলতি মাসের ডিসেম্বরে শেষ হয়ে যাচ্ছে। গত সপ্তাহেই এফএসডিএল আইএসএলের বিভিন্ন ক্লাবের সঙ্গে বৈঠকে বসেছিল। সেই আলোচনায় এফএসডিএলের তরফে স্পষ্ট করে জানানো হয়েছে, ফেডারেশনের সঙ্গে চুক্তি না হলে আইএসএলে বিনিয়োগ নিয়ে তারা নিশ্চয়তা দিতে পারছে না। সম্প্রতি ফেডারেশন কর্তাদের সঙ্গেও বৈঠকে বসেছিলেন এফএসডিএল কর্তারা। একটি মুম্বইয়ে, একবার বৈঠক হয়েছিল দিল্লিতে। তবে আপাতত সুপ্রিম কোর্টের রায়ের উপর ঝুলে রয়েছে এই চুক্তির ভাগ্য। ফেডারেশনের সংবিধান নিয়ে সর্বোচ্চ আদালত যতক্ষণ না রায় জানাচ্ছে, ততক্ষণ পর্যন্ত এফএসডিএলের সঙ্গেও চুক্তি স্বাক্ষর করা যাবে না। ১৫ বছর আগে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, এফএসডিএল প্রতি বছর ৫০ কোটি টাকা বা আয়ের ২০ শতাংশ দিয়েছে ফেডারেশনকে। যদিও আইএসএল আয়োজন করতে গিয়ে ব্যাপক ক্ষতির মুখে পড়তে হচ্ছে এফএসডিএল-কে। ফলে এফএসডিএল চাইছে নতুন একটি হোল্ডিং কোম্পানি তৈরি করতে, যারা আইএসএল চালাবে। এই বিষয়ে ফেডারেশন বেঁকে বসে। আপাতত, ১৪ জুলাই শীর্ষ আদালত খোলার পর ফেডারেশনের সংবিধান নিয়ে চূড়ান্ত রায় এসে যাবে। ততদিন পর্যন্ত ঝুলে থাকল আইএসএলের ভাগ্য।

# ম্যানচেস্টার সিটি জয় পেল



**নিজস্ব প্রতিবেদন, ফ্লোরিডা:** ক্লাব বিশ্বকাপের বর্তমান চ্যাম্পিয়ন ম্যানচেস্টার সিটি বুধবার রাতে তাদের শিরোপা ধরে রাখার মিশন শুরু করলো মরক্কোর ক্লাব উইদাদদের বিপক্ষে ২-০ গোলে জিতে।

২০২২ সালে আফ্রিকান চ্যাম্পিয়ন্স লিগ জেতার জন্য মরক্কোর ক্লাব উইদাদ এবার ক্লাব বিশ্বকাপ খেলার সুযোগ পেয়েছে।

ম্যাচের দ্বিতীয় মিনিটে ম্যানচেস্টার সিটিকে এগিয়ে দেন ফিল ফোডেন। ৪২ মিনিটে সিটি দ্বিতীয় গোলটি পায়। গোলটি করেন জেরেমি ডকু। দ্বিতীয় হাফে কোনো গোল হয়নি।

'জি' গ্রুপে পরের ম্যাচে সংযুক্ত আরব আমিরাতের ক্লাব আল আইনের বিপক্ষে খেলবে সিটি। খেলাটি হবে আগামী সোমবার।

# ইংল্যান্ডের মাটিতে দুটো টেস্ট জিততে পারলেই ইতিহাস গড়বেন শুভমান




**নিজস্ব প্রতিবেদন:** আসন্ন সিরিজে ভারত এবং ইংল্যান্ডের মধ্যে পাঁচটি টেস্ট ম্যাচ হবে, যার শুরুটা হবে শুক্রবার থেকে। এই ৫টি টেস্টের মধ্যে যদি শুভমানের অধিনায়কত্বে ভারত দুটো টেস্ট ম্যাচ জিততে পারে, তাহলেই শুভমান ভেঙে ফেলতে পারবেন রাহুল দ্রাবিড়, সৌরভ গঙ্গোপাধ্যায়, মহেন্দ্র সিং ধোনি এবং অজিত ওয়াদেকরের রেকর্ড। কারণ এরা প্রত্যেকে ১টা করে টেস্ট ম্যাচ জিতেছেন।

আর যদি শুভমানের নেতৃত্বে ভারত তিনটে টেস্ট ম্যাচে জিততে পারে তাহলে কপিল দেবকে তিনি টেক্কা দিতে পারবেন। কারন কপিলের নেতৃত্বে ভারত জয় পেয়েছে জোড়া টেস্টে।

আর প্রথম সিরিজেই বিরাট কোহলির রেকর্ডও ভেঙে দিতে পারবেন শুভমান যদি পাঁচ ম্যাচের মধ্যে চারটেতে জিততে পারেন। কারন বিরাটের নেতৃত্বে ভারত ইংল্যান্ডের মাটিতে তিনটে টেস্ট ম্যাচ জয় পেয়েছিল।

# প্রথম টেস্টের ২৪ ঘণ্টা আগে চোট পেলেন ভারতীয় তারকা ব্যাটার করুণ নায়ার



**নিজস্ব প্রতিবেদন:** হেডিংলেতে টেস্ট ম্যাচের ঠিক ২৪ ঘণ্টা আগে ভারতীয় ক্রিকেট শিবিরে চোটের এক ঝটকা। সাত বছর পরে টেস্ট দলে ফেরা করুণ নায়ার অনুশীলনের সময় চোট পান। বুধবার নেটে অনুশীলন করার সময় প্রসিদ্ধ কৃষ্ণর একটি জোরালো বল করুণের পাঁজরে লাগে। ব্যথায় কুঁকড়ে যান করুণ। তবে বড়সড় চোট নয় বলেই প্রাথমিক রিপোর্টে জানানো হয়েছে। কিছুক্ষণ বিশ্রামের পর তাঁকে আবার ব্যাট করতেও দেখা যায়, যা স্বস্তির খবর। সব কিছু ঠিক থাকলে হেডিংলেতে শুক্রবার থেকে শুরু হওয়া টেস্টে প্রথম একাদশে দেখা যেতে পারে করুণকে। নেট সেশনে তিনি বেশ আত্মবিশ্বাসী ছিলেন বলেই জানা গিয়েছে। করুণের তিন নম্বরে খেলার সম্ভাবনাও জোরদার হয়েছে, কারণ বুধবারের প্র্যাকটিসে সাই সুদর্শনকে খুব একটা ছন্দে দেখা যায়নি। বিশেষ করে জসপ্রীত বুমরাহর বল সামলাতে বেশ বেগ পেতে হয়েছে তাঁকে।

বুধবার থেকেই হেডিংলেতে ভারতীয় দল পূর্ণ উদ্যমে অনুশীলন শুরু করে দিয়েছে। কোচ গৌতম গম্ভীর, যিনি মায়ের অসুস্থতার কারণে কিছুদিন দেশে ছিলেন, তিনিও ফিরে এসে দলকে নেতৃত্ব দিচ্ছেন। ব্যাটিং অর্ডার নিয়ে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা করতে দেখা গিয়েছে ভারতীয় দলকে। ওপেনিংয়ে যশস্বী জয়সওয়ালের সঙ্গে নামেন কে এল রাহুল। এরপর তিনে ব্যাট করতে যান শুভমান গিল, আর চারে ঋষভ পন্থ।তবে প্র্যাকটিস শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পন্থ জানান, চারে গিল এবং পাঁচে তিনি নিজেই ব্যাট করবেন। অর্থাৎ তিন নম্বর জায়গাটি এখনও নিশ্চিত নয়। এই অবস্থায় করুণ নায়ারকেই তিন নম্বরে দেখা যেতে পারে বলে মনে করা হচ্ছে। ভারতীয় টিম ম্যানেজমেন্ট এখনও পর্যন্ত ব্যাটিং অর্ডার নিয়ে চূড়ান্ত কোনও ঘোষণা না করলেও আন্দাজ করা যাচ্ছে- ওপেনিংয়ে রাহুল ও যশস্বী, তিনে করুণ নায়ার, চারে গিল, আর পাঁচে পন্থ। করুণ নায়ারের চোট গুরুতর না হওয়ায় কিছুটা স্বস্তিতে টিম ইন্ডিয়া। তাঁর প্রত্যাবর্তন ও ব্যাটিং অর্ডারে অবস্থান নিয়ে এখন উত্তেজনার পারদ চড়ছে হেডিংলেতে।

# আল-হিলালের বিপক্ষে জিততে পারল না রিয়াল মাদ্রিদ




**নিজস্ব প্রতিবেদন, ফ্লোরিডা:** ফ্লোরিডার মায়ামি গার্ডেন্সে বুধবার রাতে রিয়াল মাদ্রিদকে ১-১ গোলে রুখে দিয়েছে আল-হিলাল।

দুটি গোলই হয়েছে ম্যাচের প্রথমার্ধে। গন্সালো গার্সিয়া রিয়াল মাদ্রিদকে এগিয়ে নেওয়ার পর সমতা টানেন রুবেন নেভেস। শেষ দিকে ভালভের্দের পেনাল্টি আটকে দিয়ে দলকে গুরুত্বপূর্ণ একটি পয়েন্ট এনে দেন মরক্কান গোলরক্ষক ইয়াসিন বোনো।

এর ফলে হতাশায় মাঠ ছাড়ে ইউরোপের রেকর্ড চ্যাম্পিয়নরা। রিয়াল মাদ্রিদের সঙ্গে সমানে সমান লড়াই করেছে আল হিলাল। দলের বেশিরভাগ ফুটবলারই বেশ অভিজ্ঞ এবং ইউরোপে খেলার অভিজ্ঞতা রয়েছে।

প্রথমে আল হিলালের প্রবল আক্রমণ বিপর্যস্ত ছিল রিয়াল মাদ্রিদ। অবস্থা সামলে ৩৪ মিনিটে গোল করে এগিয়ে যায় রিয়াল। রদ্রিগোর দারুণ এক পাস থেকে গোল করেন স্প্যানিশ ফরোয়ার্ড গন্সালো গার্সিয়া। তবে সমতায় ফিরতে দেরি করেনি ইনজাঘির দল। ৪১ মিনিটে পেনাল্টি থেকে আল হিলালকে সমতায় ফেরান রুবেন নেভেস।

দ্বিতীয় হাফে পুরোটাই আধিপত্য বিস্তার করে গোলের দেখা পায়নি রিয়াল। তবে ম্যাচ জয়ের সুবর্ণ সুযোগ তারা পেয়েছিল ৮৭ মিনিটে। ফ্রান গার্সিয়াকে ডি-বক্সে ফাউল করলে রিয়াল পেনাল্টি পায়। ভালভের্দের নেয়া পেনাল্টি শটটি আটকে দেন আল হিলালের গোলরক্ষক বোনো।

# হকি ইন্ডিয়া এবং তামিলনাড়ু সরকারের মধ্যে মউ স্বাক্ষর, ২০২৫ সালের পুরুষদের জুনিয়র বিশ্বকাপের অফিসিয়াল লোগো উন্মোচন




**নিজস্ব প্রতিবেদন, চেন্নাই:** হকি ইন্ডিয়া এবং তামিলনাড়ু সরকার বৃহস্পতিবার একটি সমঝোতা স্মারক (মউ) স্বাক্ষর করেছে এবং রাজ্যে অনুষ্ঠিত হতে যাওয়া পুরুষদের জুনিয়র বিশ্বকাপ ২০২৫-এর অফিসিয়াল লোগো উন্মোচন করেছে। আন্তর্জাতিক হকি টুর্নামেন্টের এই ১৪তম সংস্করণ ২৮ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত চেন্নাই এবং মাদুরাইতে অনুষ্ঠিত হবে এবং অংশগ্রহণকারী দলের সংখ্যা ১৬ থেকে বেড়ে ২৪ হবে।

টুর্নামেন্টের প্রাথমিক পর্যায়ে প্রতিটি শহরে ১২টি দল অংশগ্রহণ করবে এবং সেমিফাইনাল এবং ফাইনালের জন্য রাজধানীর মেয়র রাধাকৃষ্ণণ স্টেডিয়াম ঠিক করা হয়েছে। তামিলনাড়ুর উপ-মুখ্যমন্ত্রী উদয়নিধি স্ট্যালিন ঘোষণা করেছেন যে রাজ্য সরকার টুর্নামেন্ট পরিচালনার জন্য ৬৫ কোটি টাকা অনুমোদন করেছে।

পরপর দুটি হাই-প্রোফাইল হকি ইভেন্ট (২০২৩ সালে এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি এবং ২০২৫ সালে জুনিয়র বিশ্বকাপ) আয়োজন তামিলনাড়ু রাজ্য সরকারের আয়োজনে উৎকর্ষতা এবং সহায়তার প্রমাণ," হকি ইন্ডিয়ার মহাসচিব ভোলা নাথ সিং বলেছেন।

# স্প্যানিশ গোলরক্ষক গার্সিয়াকে ৬ বছরের চুক্তিতে দলে টানল লা লিগা চ্যাম্পিয়নরা



**নিজস্ব প্রতিবেদন, বার্সিলোনা:** সবকিছুই ঠিকঠাক ছিল। বাকি ছিল শুধু আনুষ্ঠানিক ঘোষণা। সেটাই হল বুধবার। নগর প্রতিদ্বন্দ্বী এস্পানিওল থেকে স্প্যানিশ গোলরক্ষক হুয়ান গার্সিয়াকে ছয় বছরের চুক্তিতে দলে টানল বার্সিলোনা।

লা লিগা চ্যাম্পিয়নরা বুধবার এক বিবৃতিতে জানায়, রিলিজ ক্লজের ২ কোটি ৫০ লাখ ইউরো মিটিয়ে ২৪ বছর বয়সী এই ফুটবলারকে নিয়েছে তারা।

আগামী শুক্রবার তিনি আনুষ্ঠানিকভাবে চুক্তিতে সই করবেন বলে জানানো হয়েছে ক্লাবের পক্ষ থেকে। চুক্তির মেয়াদ ২০৩১ সালের ৩০ জুন পর্যন্ত। সামাজিক মাধ্যমে এ দিন তিনি এস্পানিওল ছাড়ার ঘোষণা করেন। এর ঘন্টা খানেক পরই তাকে দলে নেওয়ার কথা জানায় বার্সিলোনা।

# প্যারিস ডায়মন্ড লিগ ২০২৫ প্রতিদ্বন্দ্বিতা করবেন নীরজ চোপড়া



**নিজস্ব প্রতিবেদন,** কলকাতা: পুরুষদের জ্যাভলিনের বিশ্বচ্যাম্পিয়ন নীরজ চোপড়া ২০ জুন ( ভারতীয় সময় অনুসারে ২১ জুন) স্টেড সেবাস্তিয়ান-চার্লেটিতে নির্ধারিত প্যারিস ডায়মন্ড লিগ ২০২৫- এ প্রতিদ্বন্দ্বিতা করবেন ।

আট বছরের পর নীরজ প্যারিস ডায়মন্ড লিগে অংশগ্রহণ করবেন, শেষবার অংশ নিয়েছিলেন ২০১৭ সালে।

প্যারিস ডায়মন্ড লিগ ২০২৫ পুরুষদের জ্যাভলিন ইভেন্টে নীরজের প্রতিদ্বন্দি ছয় জন ক্রীড়াবিদের একটি প্রাথমিক তালিকা বুধবার প্রকাশ করা হয়েছে। নীরজ কাদের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করবেন তা নিচে দেওয়া হল।

জুলিয়ান ওয়েবার

জুলিয়ান ওয়েবার এই মরশুমে নীরজ চোপড়ার সবচেয়ে কঠিন প্রতিদ্বন্দ্বী। ২০২৫ সালের দোহা ডায়মন্ড লিগে, নীরজ ৯০.২৩ মিটার ব্যক্তিগত সেরা ছুঁড়েছিলেন, কিন্তু ওয়েবার ৯১.০৬ মিটার করে জয়লাভ করতে সক্ষম হন। জার্মান এই খেলোয়াড় চোরজোতেও নীরজকে পিছনে ফেলে দেন, ৮৬.১২ মিটার নিয়ে নীরজের ৮৪.১৪ মিটারের সাথে জয়লাভ করেন। বর্তমান ফর্মের ভিত্তিতে, প্যারিস ডায়মন্ড লিগে ওয়েবার ভারতীয় তারকার সবচেয়ে বড় হুমকি হিসেবে রয়ে গেছেন।

অ্যান্ডারসন পিটার্স

জানুস কুসোচিনস্কি মেমোরিয়ালে নীরজ চোপড়া অ্যান্ডারসন পিটার্সকে তৃতীয় স্থানে ঠেলে দেন এবং ২০২৫ সালের প্যারিস ডায়মন্ড লিগে তার প্রতিশোধ নেওয়ার লক্ষ্য থাকবে। যদিও সম্প্রতি তিনি বড় ইভেন্টে শীর্ষে উঠতে পারেননি, তবুও পিটার্স এখনও একজন বড় হুমকি। ২০২২ সালে দোহায় তার ৯৩.০৭ মিটার ব্যক্তিগত সেরা অর্জন করা হয়েছিল এবং ২০২৪ সালের প্যারিস অলিম্পিকে তিনি নীরজের পিছনে ব্রোঞ্জ জিতেছিলেন।

কেশর্ন ওয়ালকট

ত্রিনিদাদ ও টোবাগোর দুইবারের অলিম্পিক পদকজয়ী কেশর্ন ওয়ালকট ২০১২ লন্ডন গেমসে স্বর্ণ এবং ২০১৬ রিওতে ব্রোঞ্জ জিতেছিলেন। তিনি ২০১৪ সালে গ্লাসগোতে কমনওয়েলথ গেমসেও রৌপ্য জিতেছিলেন। ওয়ালকট হলেন প্রথম ক্যারিবিয়ান পুরুষ এবং আফ্রিকান বংশোদ্ভূত প্রথম ক্রীড়াবিদ যিনি থ্রোয়িং ইভেন্টে অলিম্পিক স্বর্ণ জিতেছিলেন। ৯০.১৫ মিটারের তার ব্যক্তিগত সেরাটিও জাতীয় এবং আঞ্চলিক জুনিয়র রেকর্ড।

জুলিয়াস ইয়েগো

জুলিয়াস ইয়েগো একজন কেনিয়ার ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলিট, অলিম্পিক রৌপ্যপদক বিজয়ী এবং একজন বিশ্ব চ্যাম্পিয়ন। ২০১৪ সালে, তিনি প্রথম কেনিয়ান হিসেবে কমনওয়েলথ গেমসের ফিল্ড ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন। এক বছর পরে, তিনি ৯২.৭২ মিটার ব্যক্তিগত সেরা অর্জনের মাধ্যমে বিশ্ব চ্যাম্পিয়নশিপে স্বর্ণ জিতেছিলেন - ফিল্ড ইভেন্টে প্রথম কেনিয়ান হিসেবে। ইয়েগো ২০১৬ সালের রিও অলিম্পিকেও রৌপ্য জিতেছিলেন।

লুইজ মরিসিও দা সিলভা

ব্রাজিলিয়ান ২০২৩ সালের বিশ্ব চ্যাম্পিয়নশিপে অংশ নিয়েছিলেন কিন্তু ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করতে ব্যর্থ হন।

৩০শে জুন, ২০২৪ তারিখে, সিলভা সাও পাওলোতে অনুষ্ঠিত ব্রাজিল ট্রফিতে অংশগ্রহণ করেন, যেখানে তিনি ৮৫.৫৭ মিটার ছুঁড়ে দক্ষিণ আমেরিকার রেকর্ড ভেঙে দেন। এই ছুঁড়ে তিনি প্যারিসে ২০২৪ গ্রীষ্মকালীন অলিম্পিকের জন্যও যোগ্যতা অর্জন করেন।

প্যারিসে, যোগ্যতা অর্জনে তার সেরা থ্রো ছিল ৮৫.৯১ মিটার (এটিও তার ব্যক্তিগত সেরা), যা দ্বিতীয়বারের মতো দক্ষিণ আমেরিকার রেকর্ড ভেঙে ষষ্ঠ স্থানে থেকে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। ফাইনালে, তার পারফরম্যান্স হ্রাস পায় এবং তিনি ৮০.৬৭ মিটারের সাথে ১১তম স্থান অর্জন করেন, যা অলিম্পিকে ব্রাজিলের ইতিহাসে সেরা রেকর্ডের সমান।

আন্দ্রিয়ান মারদার

আন্দ্রিয়ান মারদার মলদোভার প্রতিনিধিত্ব করেন এবং ২০১৭ সালের বিশ্ব চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করেন কিন্তু ফাইনালের জন্য যোগ্যতা অর্জন করতে পারেননি। তিনি ২০১৭ সালের ইউরোপীয় অনূর্ধ্ব-২৩ চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক জিতেছিলেন।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**